বেতার জগৎ

১৬—৩১ মে, ১৯৭৭

পত্রিকাটি ধুলোখেলায় প্রকাশের জন্য

হার্ড কপি ঃ সুজিত কুণ্ডু

স্ক্যান ঃ ইলা কুণ্ডু

এডিট ঃ সুজিত কুণ্ডু

একটি আবেদন

আপনাদের কাছে যদি এরকমই কোনো পুরানো আকর্ষণীয় পত্রিকা থাকে এবং আপনিও যদি আমাদের মতো এই মহান অভিযানের শরীক হতে চান, অনুগ্রহ করে নিচে দেওয়া ই -মেইল মারফত যোগাযোগ করুন।

e-mail: optifmcybertron@gmail.com; dhulokhela@gmail.com

আকাশবাণী কলকাতা

॥ নাট্য পরিক্রমা ॥

উপরেঃ ৮ মে রবীন্দ্রনাথের 'হাস্য-কৌতুক'-এর 'ভাব ও অভাব' এবং 'খ্যাতির বিড়ম্বনা' অংশে অভিনয় করেন প্রখ্যাত চিত্রাভিনেতা সন্তোষ দত্ত (বামে) ও রবি ঘোষ।

★

মাঝেঃ 'নিধুবাবু'ঃ চিত্তরঞ্জন ঘোষ রচিত এই নাটকে (বাঁদিক থেকে) অর্পিতা মজুমদার, শর্মিষ্ঠা দাশগুপ্ত, বিমল দেব, সীতা মুখোপাধ্যায়, বলাই গুপ্ত, অনিল চট্টোপাধ্যায়, দেবতোষ ঘোষ, প্রদীপকুমার সেন, অমলেন্দু-বিকাশ করচৌধুরী (সংগীত পরিচালক) ও জগন্নাথ বসু (প্রযোজনা)।

★

নীচেঃ গ্যালিলিওঃ সম্প্রতি প্রচারিত বিজ্ঞান-নাটকটিতে (বাঁদিক থেকে) সুনির্মল রায়, নিত্যানন্দ গঙ্গোপাধ্যায়, অমলেন্দু হালদার, পরিমল মুখোপাধ্যায়, ক্ষৌণীশ বাগচী, শুক্লা বন্দ্যোপাধ্যায়, কল্যাণ দে (সম্পাদনা), শেফালী বন্দ্যোপাধ্যায়, শোভনলাল মুখোপাধ্যায় এবং মলয় পাহাড়ী (প্রযোজনা)।

বেতার জগৎ

48 year, Vol. 10 : ৪৮ বর্ষ, ১০ সংখ্যা

৭ মে, ১৯৭৭ ঃ ১৭ বৈশাখ, ১৮৯৯ শকাব্দ

7 May, 1977 17 Vaisakha, 1899 Saka

জীবনানন্দের শৈশব ও কৈশোর

সুচয়িতা দাস

পাড়ার লোকে বলত 'বড়বাড়ি'। সে বাড়ি কি জীবনযাত্রার ঐশ্বর্যের উপকরণ বহুলতায় বড় ছিল?

না সে ছিল একখানি শান্তি-নিকেতন। হৃদয়বত্তার অনুপম সৌন্দর্যে সমুজ্জ্বল ছিলেন এ বাড়ির মানুষেরা। সচ্ছল স্বাচ্ছন্দ্য না থাক, ছিল চিত্তের প্রগাঢ় প্রসন্নতা। প্রেম, শান্তি আলো ছিল শান্তির, কল্যাণের আনন্দের নিঃশ্বাসের সেই পৃথিবীতে বরিশালে এই 'বড়বাড়ি'তে প্রথম বসন্তের এক উজ্জ্বল সুগন্ধ দিনে জন্মেছিলেন আমার দাদা জীবনানন্দ।

জীবনানন্দের শৈশব ও কৈশোর কেটেছে আনন্দঘনতার মধ্যে। বৃহৎ পরিবারের আত্মীয় পরিজন, ভাই বোন, দাস দাসী সকলের সংগে সম্পর্ক সর্বাংশে সুন্দর ও হৃদ্য ছিল।

বাবা অল্পবয়সে স্কুলে পাঠানো পছন্দ করতেন না। মায়ের কাছেই দাদা লেখপড়া শিখেছিলেন। অনায়াসে অল্পসময়ে পড়া আয়ত্ত করে ফেলতেন বলে খুব বেশীক্ষণ মা তাঁকে বন্দী করে রাখতেন না। খেলবার, সংগীদের নিয়ে বেড়াবার, প্রজাপতির পেছনে দৌড়োবার, বাগানে ফুলের পরিচর্যা করবার যথেষ্ট অবকাশ ছিল। কোনো অন্যায় করলে স্নেহের শাসন করা হতো কিন্তু প্রহার করে সন্তান মানুষ করার বাবা ছিলেন একান্ত বিরোধী। তাই জীবনানন্দের শৈশব কৈশোর অতিরিক্ত শাসন বা নিষেধের দ্বারা নিষ্পিষ্ট হয়নি। স্নেহে, প্রসন্নতায় শুভ ইচ্ছাতে এবং করুণাপূর্ণ অন্ত-দৃষ্টিতে জড়িত বাবা ও মায়ের এই দুর্লভ সঙ্গ তাঁর নবোদ্ভিন্ন হৃদয়াংকুরটিকে নীলাম্বরের দিকে বিকশিত করে তুলতে সৌরতেজ ও মৃত্তিকার মত কাজ করেছিল।

ছিলেন ঠাকুমা তাঁর অপার স্নেহের মাধুর্যধারা নিয়ে। ঠাকুমা শিশু জীবনানন্দের কাছে গল্পের ঝুলি খুলে দিতেন। কত যে গল্প! কীর্তিনাশার গল্প, আমাদের দেশ বিক্রমপুরে আমাদের মুন্সীবাড়ীর গল্প, আমাদের পূর্বপুরুষদের হঠাৎ পাওয়া নিত্যপূজিত সোনার কাত্যায়নীর গল্প, বৃষ্টির দিনের গল্প, আমাদের সেজকাকার আশ্চর্য সব শিকারের গল্প। বিস্ময়ে বালকের চোখ বিস্ফারিত হয়ে উঠত, মনের মধ্যে কত না কল্পনার রঙ খেলে যেত!

খেতে বসে চোখ ঘুমে জড়িয়ে এলে শোনা যেত আমাদের রাঁধুনী মতির মায়ের 'পরণ-কথা' অর্থাৎ রূপকথা। বেঙ্গমা-বেঙ্গমী শঙ্খমালা, কাঞ্চন-মালা! পিলসুজের ওপর প্রদীপ জ্বলছে, সেই আধো-আলো আধো-অন্ধকারে মন তেপান্তরের মাঠ পেরিয়ে চলেছে সাদা ঘোড়ায় চড়ে।

বাগানের সুন্দর সবুজ সতেজ সুদীর্ঘ ঘাস ছাঁটবার জন্য বাবা লাগিয়েছেন ফকির মিঞাকে। দাদা করুণ চোখে সেই কর্তনোৎসব দেখছেন। ফকির বালকের সেই কাতরতা অনুভব করে সান্ত্বনা দিত নবীন ঘাসের স্বপ্ন দেখিয়ে, ভুলিয়ে দিত সোনার ফসলের গল্প বলে।

আলি মামুদ আমাদের সুপুরী বাগানে সুপুরী পাড়তে আসতো। বালক জীবনানন্দ তার কাছ থেকে কত না লতাপাতা, গাছগাছালি, পাখ-পাখালির নাম শিখেছিলেন।

উৎসুক বালককে বড়মামা গল্প শোনাতেন দুর্গম তুষার গিরির, সীমাহীন মরুভূমির, কূলহীন সমুদ্রের। চেনাতেন নক্ষত্র। মাঝে মাঝে ট্যুরে যাবার সময় সংগে নিয়ে যেতেন। কত খাল বিল, নদীর ওপর দিয়ে বড়মামার নৌকো ভেসে যেত। চরাচরে পরিব্যাপ্ত একটি নিভৃত সৌন্দর্যে পরিবেষ্টিত হয়ে থাকতেন কিশোর জীবনানন্দ। বুকের মধ্যে জলের কলকল ছলছল ধ্বনির সংগে বাজত কত না নাম—ধানসিড়ি, জলসিড়ি...

গিরিডিতে উশ্রী নদী পেরিয়ে চলে যেতেন আমলকী বনে হাঁটার নেশায়। আমলকীর ঐ গাঢ় সবুজ পত্রগুচ্ছের মতো কত নতুন ভাবনা, কল্পনা, স্বপ্ন! রূপরাজ্যের খোলা নীলিমার কোলে পথ হারিয়ে ফেলত একটি সুকুমার সৌন্দর্যমগ্ন চিত্ত। কৈশোর থেকেই পথ তাঁকে ডেকেছে কত না ইসারায়। সুদূরের পিপাসায় হেঁটেছেন তাই অশোকানন্দকে নিয়ে সোনালি ধানক্ষেতের পাশে, নদীর তীরে তীরে, হেমন্তের রিক্ত মাঠের ওপর দিয়ে। হাঁটতে হাঁটতে সাদা মেঘের দিকে তাকিয়ে ছোটভাই অশোকানন্দকে বলেছেন, "জানিস্, বড় হয়ে আমি এমন নৌকো তৈরী করব যাতে তুই ঐ মেঘের মতো আকাশে বেড়াতে পারবি।"

শিশির স্নানের শেষে নম্রকোমল প্রত্যূষা পূর্ণগগনে আবির্ভূত হতে না হতেই মায়ের কন্ঠে সুর জেগে উঠত 'মোরে ডাকি লয়ে যাও', বাবার মন্দ্র-মধুর কন্ঠে ধ্বনিত হতো উপনিষদের শ্লোক। সেই ছোটবেলায় বাবার কন্ঠ-নিঃসৃত উদাত্ত গম্ভীর শব্দলহরীকে কেন্দ্র করে যে উষাকাল, তাতে যেন দাদার সানন্দ স্বচ্ছলতা তাঁর পরবর্তী জীবনের নিষ্ঠ অভিনিবেশের শান্ত মগ্নতার অংকুরোদ্গমে জলবায়ুর প্রশ্রয় দিয়েছিল।

দাদা লিখেছেন, "কার কাছে শিক্ষা পেয়েছিলাম আমি? একজন বাবা, একজন মা, আর একজন ব্রজমোহন স্কুলের হেডমাষ্টার আচার্য জগদীশ-চন্দ্র মুখোপাধ্যায়। আমার জীবনে সে শিক্ষা মনোলোকে যদি কিছু সার্থক হয়ে থাকে তা এঁদেরই প্রশস্ত দানের ফলে।"

আর ছিল বই আর বই। মাসের প্রথমে বাবা দাদাদের নিয়ে দোকানে বই কিনতে যেতেনই। সারামাস এই দিনটির জন্য কি উৎসুক আগ্রহ নিয়েই না দাদা প্রতীক্ষা করতেন! নতুন বইয়ের সেই আশ্চর্য গন্ধ স্বাদ নেবার আনন্দ কি অনির্বচনীয়!

বাগানের ভান্ডারে বিচিত্র রঙে রসে মন ভরিয়ে দিয়েছিল অপার অজস্র ফুল আর ফুল। নানা বিচিত্র ফুল-গাছ সংগ্রহের নেশা ছিল তাঁর। প্রাঙ্গণে কৃষ্ণচূড়ার রক্তিম আলপনা, ফুলের তপস্যায় মহাশ্বেতা গন্ধরাজ, নীল জবা, বিচিত্র বর্ণের গোলাপ, নীলাম্বরের পটে ছবির মত সুপুরী গাছের শ্রেণী বরিশালের এই সবুজ প্রাণময়তায় আকুল বিদারিত প্রকৃতির কোলে একটি কিশোর হৃদয়ে এমনি করেই গুচ্ছে গুচ্ছে কিরণপিপাসু পত্রপুট অঞ্জলি মেলেছে। আলোকের তেজরস ফুলের পেলব মাধুর্য, আকাশের অগাধ নীলিমায় ডানায় রৌদ্রের গন্ধ মেখে উড়ে চলা পাখিরা, মাঠে পথে ছড়িয়ে থাকা ঝাউপাতা, লাল বটফল, ধানের আর শিশিরের মাস হেমন্তের নিভু নিভু নরম রঙ— এমনি সব কত উপকরণ থেকে বিন্দু বিন্দু অমৃতের কণা শিল্পীসত্তার মজ্জায় মজ্জায় সঞ্চারিত হয়েছে, সৌন্দর্যে ব্যঞ্জনায় অনন্য হয়ে উঠে হয়েছে কাব্যের সামগ্রী! **(শ্রবণী)**

॥ অন্যান্য পৃষ্ঠায় ॥

ব্যক্তিত্বের আলোয়
—বিমলপ্রসাদ মুখোপাধ্যায় ৩৩৪

আজকের পাঠকের চোখে কীট্‌স্‌
—সুব্রত মুখোপাধ্যায় ৩৩৪

ব্যক্তির আলোয়
—অন্নদাশঙ্কর রায় ৩৩৫

হেনরী ভিভিয়ান ডিরোজিও
—কবিতা সিংহ ৩৩৬

কর্ণসুবর্ণ ও রক্তমৃত্তিকা বিহার
—সুধীররঞ্জন দাস ৩৩৭

নিহত আলাপ
—নীলিমা সেন গঙ্গোপাধ্যায় ৩৩৭

বাংলার অলঙ্কারশিল্প
—কল্যাণকুমার গঙ্গোপাধ্যায় ৩৩৮

ব্যক্তিত্বের আলোয়
—হীরেন্দ্রনাথ দত্ত ৩৩৮

লিমিটেড স্টপ বাস
—হিমানীশ গোস্বামী ৩৩৯

পাঁচ দরজা, এক বারান্দা (কবিতা)
—মণীন্দ্র রায় ৩৪০

প্রচ্ছদ—সংগীতা বন্দ্যোপাধ্যায়

ব্যক্তিত্বের আলোয়—

'ঘুমের গহন হতে'

বিমলাপ্রসাদ মুখোপাধ্যায়

যা নিয়ে মানুষের মানুষত্ব, তার চিন্তা অনুভূতি উপলব্ধি, নানা ঘটনা-পরিবেশ, তার প্রতিক্রিয়া—সব কিছু মিলে ব্যক্তি-সত্তার গঠন ও বিকাশ। তবে কথায় আর কাজেই ব্যক্তিত্ব ধরা যায়। কথা মানে ভাষা—যে ভাষায় মানুষের বক্তব্য, ভাবনা প্রকাশ পায়। সব কথা বলা না গেলেও তার মধ্যে একটা চাপা দীপ্তি থাকে। এই দীপ্তি আসে মন বা মননের আলো থেকে যা কথার ঢঙে, দেখার ভঙ্গীতে, লেখার কৌশলে শ্রোতা বা পাঠকের মনে একটি বিশেষ রকমের আলোক সম্পাত করে। এই আলোর জয়-জয়কার সর্বত্র—কি কথায়, কি কাজে, সাহিত্যে বা জীবনে। একে দুটি স্বরবর্ণ, তায় 'ল'-এর লালিত্য। কথাটি সুন্দর, সন্দেহ নেই। তাই আলো আমাদের চাই—প্রয়োজনে, ব্যবহারে, রূপকে। তুলনায়, অন্ধকারের চাহিদা ও সমাদর কিছু কম। আঁধারের রূপ আছে, কবি-সাহিত্যিকরা সে কথা বলেছেন এবং আমরাও জানি। চারদিকে এত প্রখর, এত প্রকাশ্য আলো, এত ঠেলাঠেলি আর ছুটোছুটি যে হাঁপিয়ে উঠতে হয়। তখন অন্ধকার খুঁজি—রাতের অন্ধকার, নির্জনতার অন্ধকার। আলো সকলের, অন্ধকার ব্যক্তি বিশেষের। তাই সবাই যখন আলো খোঁজেন, তখন উলটো পিঠ অন্ধকারে যেতে হয়। বেশি দূরে নয়, চাঁদের ও-পিঠে নয়, যেখানে অন্ধকারেরও আলোকচিত্র নেওয়া হয়েছে। এখন শহরে যে অন্ধকার পাচ্ছি, সেটা তো নিষ্প্রদীপের খেলা। তবে তাই থেকে, অন্ধকারের কথাটা বেশি মনে আসছে।

অন্ধকার তিন জায়গায়—মনের গহনে, জীবনে এবং জীবনের ওপারে। প্রথমটি অবচেতনের রাজ্য—মনস্তত্ত্বের এলাকা। তার মধ্যে এত জটিলতা, এত বিভিন্ন স্তরের অন্ধকার যে পুরোপুরি বোঝা দুঃসাধ্য। মৃত্যুর পরে যে অন্ধকার, সেটা কেউ দেখেনি। শোনা কথা, তাতেও আবার রকমফের আছে। কেউ বলেন তমিস্রাপারে জ্যোতির্ময় আলো, কেউ বলেন স্রেফ্ জমাট আঁধার। আমরা শুধু কল্পনায় অনুভব করি, নয় তো বিভীষিকা দেখি। বাকি রইল, এ পারের অন্ধকার। সেটা যে কত বিশ্রী ও প্রাণান্তকর, তা দৈনন্দিন জীবনে হাড়ে-হাড়ে বুঝছি।

বাস্তব জীবনে যে অন্ধকারটুকু উপভোগ্য, সেটা হল ঘুম। চিরনিদ্রায় সব ফুরিয়ে গেল, আপদের শান্তি। এটা শুধু ঘুম, যা থেকে জেগে ওঠা যায় কিছু তাজা হয়ে, নতুন শক্তি পেয়ে। গভীর হোক, হালকা হোক—একবার ঘুমের অন্ধকারে তলিয়ে যেতে পারলে নিশ্চিন্ত। শরীর মন দুটোই সতেজ হয়, জেগে উঠলে। সম্পূর্ণ শিথিল, ভারমুক্ত হতে পারা কম কথা নয়। যাঁরা পারেন না—সাধনা করে' ওষুধ খেয়েও যাঁদের ঘুম আসে না—তাঁরা হতভাগ্য। ঘুমের ঐশ্বর্যের কাছে কিছু নয়। ডাক্তার প্রশ্ন করেন—রাতে ঘুম হয়েছিল? শরীর খারাপ হলে, সবাই জানতে চায়—ঘুম কেমন হয়? 'ঘুমোচ্ছি' বলতে লোকের লজ্জা হয়, দেখি। কিন্তু সঙ্কোচ কিসের? এ তো গর্বের বস্তু। শস্য ক্ষেতের সবুজ স্বপ্ন নিয়ে কত কবিতাই লেখা হয়, কিন্তু ঐ শস্যের জারক রসে যে নীল নিদ্রার জন্ম হয়—খর আলো-কে মোলায়েম আঁধারে পরিণত করে, তার কথা কে লেখে? ভাত-ঘুমের গভীর আভিজাত্যই আলাদা—এর পাশে 'ন্যাপ' 'সিয়েস্তা' যেন স্যাণ্ডউইচ-জাতের লঘু জলযোগ। কাজের চাপ, পড়াশুনার চাপ থাকলেও, ঘুমের কালচারে কিছু দিনেই উদর নধর হয়ে আসে। টনিক, মাংস-মাখনের দরকার হয় না, কুমড়ো বেগুন পুঁই চিংড়ি সহযোগে কাকর-মণি ভাত হজম করে নিত্য তোফা ঘুমেই ওজন বেড়ে যাবে। এই একমাত্র জিনিস—যার ওপর আবগারী শুল্ক নেই, যাকে নিয়ে কালোবাজার চলে না, যেটি নেশাকে নেশা, আবার অসুখ অশান্তির নিখরচা দাওয়াই। ব্যাপারটা সত্যিই ভেবে দেখার মতো। ছবির ভাষায়, অন্ধকার নেগেটিভ। কিন্তু ঘুমটা পজিটিভ জিনিস—প্রাত্যহিক, কিন্তু প্রতিদিনই রূপনারানের কূলে জেগে ওঠা। অন্ধকারে এই সাময়িক চেতনালোপ কত সহজ স্বাভাবিক ঘটনা, তবু কত স্বপ্ন-সম্ভাবনা।

নিদ্রার ঐতিহ্য খুব প্রাচীন ও সমৃদ্ধ; দেশ-বিদেশের সাহিত্যে তার প্রমাণ আছে। মৃত্যুকল্প সুষুপ্তির দার্শনিক আলোচনা আছে ঋগ্বেদের রাত্রি সূক্তে, বেদান্তসূত্রে, যোগবাশিষ্টে; স্তুতি আছে চণ্ডীতে। তারপরে রামায়ণে লঙ্কার সুষুপ্তি, মহাভারতে নিষ্ঠুর সৌপ্তিকপর্ব। সেই থেকে ভারতচন্দ্র রবীন্দ্রনাথ হয়ে আধুনিক সাহিত্য। ওদিকে গ্রীস-রোমের হিপনস্ ও সোমনাস্ দেবতা—শেক্সপীয়রের হেনরি দ্য ফিফ্থ, ওথেলো, ম্যাকবেথ, কোলরিজ ও শেলী আর এপস্টাইনের বিখ্যাত ভাস্কর্য—স্লীপ।

তবে আমাদের ঘুমের একটাই মানে—অন্ধকারে অবগাহন, খাঁটি এবং অদ্বিতীয়। ইংরেজিতে স্লীপের অর্থ কিন্তু একাধিক, সঙ্গিণীরও ইঙ্গিত আছে। (শ্রবণী)

আজকের পাঠকের চোখে কীট্স্

দেবব্রত মুখোপাধ্যায়

কবি কীট্স্ বেঁচে ছিলেন মাত্র ছাব্বিশ বছর। তাঁর মৃত্যুর পর আরও দেড়শো বছর কেটে গেছে। রোমে তাঁর সমাধির ওপর যে শিলা-লিপি রয়েছে তাতে বলা হয়েছে, এখানে এমন একজন ঘুমিয়ে আছেন, যাঁর নাম লেখা হয়েছিল জলে। কিন্তু আমরা জানি সে জলের লেখন আজও মোছেনি।

আজকের মন দিয়ে এই কবির কথা ভাবতে গেলে প্রথমেই মনে পড়ে তাঁর মৃত্যু হয়েছিল ক্ষয়রোগে, যে রোগ সেদিন ছিল দুর্জয়। এ যুগে জন্মালে তাঁর মৃত্যু হয়তো এত অকালে হ'ত না, হয়তো পাঠকেরা তাঁর কবি-মনীষার আরও কিছু পরিচয় পেতেন। এ কথা কীট্সের বেলায় এত জরুরি কারণ, যে বয়সে তাঁর মৃত্যু হয়েছিল, তাঁর প্রতিভার বিকাশের পক্ষে সে ছিল অতীব শুভক্ষণ। বলা যেতে পারে, সৃষ্টির একটি স্তর থেকে আরেকটি স্তরে তাঁর আত্মা তখন উত্তীর্ণ হচ্ছিল। তাঁর কিশোর বয়সের কবিতায় রয়েছে পৃথিবীর স্পর্শগ্রাহ্য রূপের জন্য আকুলতা, রয়েছে একটি স্বপ্নবিভোর চঞ্চল মন, যার কাছেঃ

"Light feet, dark violet eyes,
and parted hair,
Soft dimpled hands, white neck,
and creamy breast,
Are things on which the
dazzled senses rest.."

এবং এই 'dazzled senses'-এর বশেই তিনি বন্ধুকে চিঠিতে লিখেছিলেন "O for a life of sensations rather than of thoughts !"

কিন্তু এই রূপবিলাসের কবিতা সে যুগের অনেক পাঠককেই বিরূপ করেছিল। ফলে কীট্সের কাব্য-প্রতিভার যথার্থ বিকাশের দিকটি সেদিন উপেক্ষিত থেকে গেছে। তাঁর জীবনের শেষ দু-তিনটি বছর যে চিন্তাভাবনা এবং শিল্পসাধনার দিক থেকে কত ফলবান হয়েছিল, সে কথা বুঝতে সুরু করা গেল তখনই, যখন ১৮৪৮ খৃষ্টাব্দে তাঁর পত্রাবলীর কিছু অংশ প্রকাশ করলেন তাঁর বন্ধু মিলজ্। তখন একটু একটু ক'রে দেখা গেল যে তাঁর পরিণত কবিতাগুলি কোনো রুগ্ন কিশোর কল্পনার মোহ মাত্র নয়, তার ভেতরে একটি ধ্যানী মনের সাধনা রূপ পেয়েছে, পূর্ণতর বিবেকের দীপ্তি সেখানে স্পষ্ট। বন্ধু রেনল্ড্স্-কে একটি চিঠিতে তিনি বুঝিয়েছেন কেমন ক'রে শৈশবের নিশ্চিন্ত অন্তঃপুর থেকে আমরা ধীরে ধীরে বেরিয়ে আসি এবং পৌঁছোই দ্বিতীয় একটি কক্ষে—যাকে কীট্স্ নাম দিয়েছেন কুমারী চিন্তার কক্ষ বা Chamber of Maiden-Thought। সেখানে আমাদের দৃষ্টি উন্মেষিত হয়, আমরা দেখতে পাই জগতের দুঃখবেদনাকে, এবং সেই কারুণ্যবোধ আমাদের দৃষ্টিকে আবিল করলেও মনের অন্য অনেক দরজা খুলে দেয়, যার ভেতর দিয়ে আমরা দেখি অলিন্দগুলি অন্ধকার—কিন্তু বেঁচে থাকলে, চিন্তা করতে পারলে একদিন সেগুলিও আবিষ্কৃত হয়।

এই পূর্ণতর আবিষ্কারের জন্যে তাঁর বেঁচে থাকা সম্ভব হয়নি, কিন্তু এক গভীর জীবনবোধ এবং আত্মোপলব্ধির সততা থেকে জন্ম নিয়েছে তাঁর শেষ কয়েক বছরের কাব্য—যার মধ্যে বিশেষ ক'রে উল্লেখযোগ্য তাঁর 'ওড্'-ধর্মী কবিতাগুলি, কয়েকটি সনেট এবং একটি অসমাপ্ত দীর্ঘ কাহিনীকাব্য—The Fall of Hyperion। এদের মধ্যে তিনি নানা রহস্যে গ্রথিত করেছেন জীবনের দারুণ সত্যগুলির সঙ্গে সুন্দরের অনন্ত মাধুরীকে। বসন্তের রাতে যে নাইটিংগেল্ পাখির গান তাঁকে উতলা করেছিল, গ্রীক ভাস্কর্যের যে অবিনশ্বর নিদর্শন তিনি ব্রিটিশ মিউজিয়মে দেখেছিলেন, তারা সবাই তাঁকে ঐ একই প্রশ্নের দিকে ঠেলে দিয়েছে—কেমন ক'রে নিছক স্বপ্ন-বিলাসের ঊর্ধ্বে, চঞ্চল এই অস্তিত্বের মধ্যে পথ ক'রে নিয়ে তিনি পৌঁছোবেন নিশ্চিত সৃষ্টির মহিমায়? কোন সাধনার বলে তাঁর কাব্য ঐ গ্রীক মৃৎপাত্রের মতো ব'লে উঠতে পারবে "Beauty is Truth, Truth is Beauty" ?

অপেক্ষাকৃত অল্প বয়সে কীট্স্ মিল্টনের কাব্যের অনুকরণে লিখতে গিয়েছিলেন তাঁর 'হাইপীরিয়ন'। কিন্তু সে কাব্যের রীতি তাঁর প্রকৃতি-সিদ্ধ ছিল না, তাই সে চেষ্টা মাঝপথেই স্থগিত থাকে। মৃত্যুর আগে ঐ বিষয়কেই তিনি আবার নতুনভাবে লিখতে বসেন, জাগ্রততর শিল্পবোধের আস্থা নিয়ে। যে অন্ধকার অলিন্দের কথা তিনি চিঠিতে বলেছিলেন, মনে হয় যেন মৃত্যুর পূর্বে তিনি একটু একটু ক'রে তার মধ্যে পথ ক'রে নিতে পারছিলেন এবং সে পথ তাঁকে পৌঁছে দিচ্ছিল চিরন্তন সৃষ্টির অমরাপুরীতে। সে সৃষ্টি চিহ্নিত সেই গুণ দিয়ে, যাকে তিনি বলেছেন 'নেগেটিভ্ কেপেবিলিটি'—নিজেকে নেপথ্যে সরিয়ে রাখবার কৃতিত্ব। এই গুণ তিনি সার্থকতম কবিদের মধ্যে দেখেছিলেন, এবং হয়তো বেঁচে থাকলে তিনি তাঁদেরই পাশে স্থান পেতেন—যাঁদের নাম দান্তে অথবা শেক্সপীয়র।

(শ্রবণী)

ব্যক্তির আলোয়

অন্নদাশঙ্কর রায়

আমার সাহিত্যিক জীবন শুরু হয় প্রায় পঞ্চাশ বছর আগে। গোড়ার দিকে আমার ধারণা ছিল সাহিত্য সৃষ্টির মূল উপকরণ হলো হৃদয়ের অনুভূতি। সাহিত্যিকের হৃদয় থাকা চাই আর সে হৃদয় অনুভূতি দিয়ে ভরে ওঠা চাই। যার হৃদয় নেই বা থাকলেও অসাড় সে সাহিত্যসৃষ্টি করতে পারে না, করতে পারে বাক্য-বিস্তার। সে ধরনের সাহিত্যিক হতে আমি চাইনি। আমি হতে চেয়েছি এমন একজন সাহিত্যিক হৃদয়ই যার প্রধান অবলম্বন।

কিছুদিন শিক্ষানবিশীর পর বুঝতে পারলুম যে হৃদয়ের অনুভূতি প্রকাশ করতে চাইলেও প্রকাশ করা যায় না। তার কতক তো অনির্বচনীয়। হাজার চেষ্টা করলেও ব্যক্ত করা যায় না। আভাসে ইঙ্গিতে প্রকাশ করতে হয়। কতক আবার প্রকাশের অযোগ্য। লোকে পছন্দ করে না। লোকে পছন্দ করলেও সাধুসজ্জনরা অনুমোদন করেন না। সরকার দন্ড দেন। অনির্বচনীয় আর অপ্রকাশযোগ্য এই দুই চড়ার মাঝখান দিয়ে নোকা চালিয়ে যেতে হয়। যাঁরা কুশলী নাবিক তাঁরাই সফল হন। অন্যেরা বিফল।

কুশলী সাহিত্যিকরা অনুভূতির সঙ্গে প্রচুর পরিমাণে কল্পনা মিশিয়ে দেন। এমন কৌশলে পরিবেশন করেন যে মনে হবে কল্পনাটাই বাস্তব। এ বিদ্যা আয়ত্ত করব না বলেই স্থির করেছিলুম। জীবনে হয়তো একখানা মাত্র বই লিখব, সেখানা হবে আকারে আয়তনে ছোট। যদি বাঁচি তো সেই একখানার জোরেই বাঁচব। হয়তো একখানা বইও হবে না, হবে কয়েকটি খুচরো কবিতা, খুচরো গল্প। কিন্তু আমার নিজের উচ্চাভিলাষ ও আমার উপর আমার সম্পাদকদের বিশ্বাস আমাকে টেনে নিয়ে যায় মাসিকপত্রের অঙ্গনে। সেখানে আর দশ-জনের সঙ্গে আমারও অলিখিত প্রতি-যোগিতা। লিখতে হবে এমন কিছু, যা পাঠকদের দৃষ্টি আকর্ষণ করবে, তাঁরা আমার যোগ্যতা সম্বন্ধে সচেতন হবেন।

একটু একটু করে আমাকেও মানতে হলো যে, লোকে যদি না পড়ে তা হলে আর লিখে সুখ কী? লোকে যাতে পড়ে তার জন্যে লেখাটাকে পঠনীয় করতে হবে। কিন্তু তা করতে গেলে যদি আমি আমার নির্দিষ্ট লক্ষ্যের থেকে ভ্রষ্ট হই, তা হলেই বা লিখে সার্থকতা কী? আবার পড়ে যেতে হলো দুই চড়ার মাঝখানে। নোকা চালিয়ে যেতে হলো কুশলী নাবিকের মতো। সে এক যন্ত্রণা। লেখাকে পঠনীয় করতে গিয়ে আমার বিশ্বাস আমি লক্ষ্যভ্রষ্ট হইনি। নোকাকে ঠিক জায়গায় পৌঁছে দিয়েছি। কিন্তু এ বিষয়ে আমার বিশ্বাসই চূড়ান্ত নয়। সরস্বতীর বিচারটাই চূড়ান্ত।

এর পরে আমার কর্মজীবন আমাকে টেনে নিয়ে গেল প্রশাসনের জগতে। আমার অনিচ্ছা সত্ত্বেও। পরে দেখলুম ওতে আর কিছু না হোক বাস্তব জ্ঞান হচ্ছে। রিয়ালিটির সঙ্গে পরিচয় হচ্ছে। অনুভূতি আর কল্পনাই যথেষ্ট নয়। মানুষ আমি, মানুষ যা কিছু নিয়ে থাকে তার সবতাতেই আমার আগ্রহ থাকা উচিত। প্রথম যেদিন মহকুমা হাকিমের এজলাশে বসি, সেদিন আমার কান্না পায়। এতগুলো লোক জলে ডুবে মারা গেছে, এত-গুলো লোক আত্মহত্যা করেছে, এত-গুলো চুরির খবর পাওয়া গেছে, একটা কি দুটো খুনের এজাহারও এসেছে। মাসিকপত্রের জগৎ থেকে এমন এক জগতে চালান হয়ে যাই যেখানে আমাকে অসংখ্য মানুষের সুখ দুঃখ পাপ পুণ্যের দ্রষ্টা হতে হয়। আবার আমাকে দুই চড়ার মাঝখান দিয়ে নোকা চালাতে হয়। একদিকে জীবনের আকর্ষণ, একদিকে সাহিত্যের আকর্ষণ। নোকাটা শেষে ডুবতে বসেছিল। তাকে উদ্ধার করার জন্যে চাকরিটাই ছেড়ে দিতে হলো। তত বড়ো কুশলী নাবিক আমি নই যে দু'দিক রক্ষা করতে জানে, অথচ যার সাহিত্য লক্ষ্যভ্রষ্ট নয়। আমাকে আমার সাধ্যের সীমা মেনে নিতে হবে।

(শ্রবণী)

বেতারে এই পক্ষ

অনুষ্ঠান পরিচয়

১৬—৩১ মে, ১৯৭৭

॥ নাটক ॥

সমীরণ আচার্য রচিত এবং কিরণ-শংকর চট্টোপাধ্যায় ও সহ-শিল্পিবৃন্দ পরিবেশিত 'ব্যথার পূজা' যাত্রাটি শুনুন ১৮ মে 'বিচিত্রানুষ্ঠান'-এ। 'লোহার ভীম' বেতারস্থ হবে ২০ মে, রাত ৮টায়; রচনা—উৎপল দত্ত, প্রযোজনা—জগন্নাথ বসু। ২২ মে, দুপুর ২-৩৫ মিনিটে সম্প্রচারিত হবে 'শুন বরনারী', কাহিনী—সুবোধ ঘোষ, বেতাররূপ—সমীর ঘোষ, প্রযোজনা—অজিত মুখোপাধ্যায়। শচীন সেনগুপ্ত রচিত 'সবার উপরে মানুষ সত্য' প্রচারিত হবে ২৯ মে, দুপুর ২-৩৫ মিনিটে; প্রযোজনা—বীরেন্দ্রকৃষ্ণ ভদ্র।

॥ কথিকা ॥

এ পক্ষের প্রথম দিন রাত ৮-৩০ মিনিটে শোনা যাবে অম্লানজ্যোতি মজুমদারের 'কোচবিহারের দেবদেউল'। পরের দিন 'ছোটদের আসর'-এ সম্প্রচারিত হবে 'কিভাবে গড়ে তুলবে' পর্যায়ে 'মুরগী খামার'। ২০ মে সন্ধ্যে ৬-৪৫ মিনিটে বেতারস্থ হবে 'গ্রামাঞ্চলে কর্মসংস্থানের উপায়' পর্যায়ে 'খাদি শিল্প'। অসিতকুমার বন্দ্যোপাধ্যায় বলবেন 'যুক্তিবাদ ও রাজা রামমোহনের জীবনবোধ' ২২ মে, রাত ৮-৩০ মিনিটে। পরের দিন রাত ৮টায় শুনুন 'পট ও পটুয়া' পর্যায়ে 'মধুবনী পট'। অরুণ বাগচী বলবেন 'জওহরলালের সমাজতান্ত্রিক চিন্তাধারা' ২৭ মে, সকাল ৮টায়। 'কি ও কেন' পর্যায়ে 'বিশ্বস্বাস্থ্য সংস্থা' শুনুন এ পক্ষের শেষ দিন 'ছোটদের আসর'-এ।

॥ অন্যান্য অনুষ্ঠান ॥

এ পক্ষের প্রথম দিন রাত ৮টায় প্রখ্যাত শিল্পী উদয়শঙ্করের সঙ্গে সাক্ষাৎকার; সাক্ষাৎ করবেন তৃপ্তি মিত্র। ঐ দিন 'বিদ্যার্থীদের জন্য' অনুষ্ঠানে বেতারস্থ হবে 'ইতিহাসের দর্পণে' পর্যায়ে 'সিন্ধু উপত্যকার সভ্যতা' আলোচনাটি। 'সমবায় ভূমি উন্নয়ন ব্যাঙ্কের নতুন কর্মসূচী আলোচনাটি শোনা যাবে পরের দিন 'পল্লী বেতারগোষ্ঠীর অনুষ্ঠান'-এ। 'স্বাস্থ্যসম্মত জীবন যাপনের রীতিনীতি' আলোচনাটি সম্প্রচারিত হবে ১৮ মে, রাত ৮-৪৫ মিনিটে। ঐ দিন পূর্বাঞ্চলীয় অনুষ্ঠানে বেতারস্থ হবে 'বাংলার আউল গান', সংকলন—হীরেন বসু, প্রযোজনা—সুকুমার রায়, পরিবেশনা—বুদ্ধদেব রায় ও সহশিল্পিবৃন্দ। রবীন্দ্রগীতিনাট্য 'তাসের দেশ' বেতারস্থ হবে ১৯ মে, দুপুর ২-৪৫ মিনিটে। কবিতা সিংহ প্রযোজিত 'রবীন্দ্রগীতিনাট্যে জীবনমুখিতা' রূপকটি প্রচারিত হবে যথাক্রমে ২১ ও ২৮ মে, রাত ৮-৪৫ মিনিটে।

॥ পূর্বাঞ্চলীয় শ্রোতাদের জন্য বিশেষ অনুষ্ঠান ॥

১৭ মে, রাত ৯-৫০ মিনিটে সুপ্রভা সরকারের নজরুলগীতি। ২০ মে, রাত ৯-৩৫ মিনিটে মহম্মদ সাগিরুদ্দীন খাঁর সারেঙ্গী। 'নজরুলগীতি ঃ রাগ রূপায়ণে' উদাহরণ সহযোগে কথিকাটি বলবেন বিমলভূষণ ২২ মে, রাত ৯-৩৫ মিনিটে। ঐ দিনই রাত ১০-৩০ মিনিটে আলি আহ্‌মেদ হোসেন ও সহশিল্পিদের সানাই।



স্মরণীয় যাঁরা—

হেনরী ভিভিয়ান ডিরোজিও

কবিতা সিংহ

একশো আটষট্টি বছর আগে ১৮০৯ খৃষ্টাব্দের ১৮ই এপ্রিল কলকাতার লোয়ার সার্কুলার রোডের ১৫৫ নম্বর বাড়িতে কবি হেনরী ভিভিয়ান ডিরোজিওর জন্ম হয়েছিল। হেনরীর বাবা ফ্রান্সিস ডিরোজিও ও মা সোফিয়া জনসনের বিবাহ হয় ১৮০৬ সালে। লোয়ার সার্কুলার রোডের ওই বসত বাড়িতে তাঁদের আরো চারটি সন্তান জন্মায়। একটিমাত্র বোন অ্যাম্‌ক্লিয়া ছাড়া তার সব ভাইবোনগুলিই অল্প বয়সে মারা যান।

১৮১৫ খৃষ্টাব্দে, মায়ের মৃত্যুর পর, ডিরোজিও ড্রামণ্ড এ্যাকাডেমিতে শিক্ষা গ্রহণ করতে যান। এখানে কাব্য এবং সাহিত্য ছাড়াও তিনি দর্শন চর্চাও করেছিলেন। আপন চরিত্র গুণে এখানকার শিক্ষক ও ছাত্র সবারই প্রীতি ও ভালোবাসা লাভ করেন ডিরোজিও। এখানেই তাঁর সাহিত্য রচনার প্রথম হাতে-খড়ি। স্কুলের নাটকে দলের জন্য তিনি মাঝে মাঝে লিখতেন।

চোদ্দ বছর বয়সে স্কুল ছেড়ে তিনি একটি বাণিজ্য প্রতিষ্ঠানে যোগ দেন। এখানে তাঁর বাবা চিফ্ এ্যাকাউন্টেন্টের কাজে নিযুক্ত ছিলেন। কিন্তু এই হিসেবনিকেশের কাজ তাঁর তেমন মনঃপূত ছিল না বলেই, তিনি ভাগলপুরের এক নীলকর সংস্থায় কাজ নেন।

ভাগলপুরের খোলামেলা পরিবেশে এসে ডিরোজিও যেন মুক্তি খুঁজে পেলেন। মুক্ত প্রান্তর, নদীর শুশ্রূষা, উড়ন্ত পাখীর চলচ্চিত্র তাঁর হৃদয়ে নতুন রঙ্ ধরিয়ে দিল। ১৮ বছর বয়সে কলকাতায় ফিরে এসে 'জুভেনিস্' এই ছদ্মনামে তাঁর প্রথম কাব্যসংগ্রহ প্রকাশিত করেন। 'ইন্ডিয়ান গেজেটে' সম্পাদক ডক্টর গ্র্যানট্ লেখেন লন্ডনের সাহিত্যিক মহলে ডিরোজিওর কবিতাগুলি প্রশংসা লাভ করেছে। কলকাতা থেকে এই কাব্য গ্রন্থটি লন্ডনে মিঃ বাকিংহাম-এর কাছে পাঠানো হয়েছিল। সংগে যে চিঠিটি ছিল তাতে লেখা ছিল ঃ

“এই গ্রন্থের লেখকের জন্ম ভারতে। তিনি কখনো ভারতের বাইরে যাননি। তাঁর বয়স এখন প্রায় কুড়ি। আপনারা যাঁরা জানেন ভারত দেশটি কি—তাঁরা নিশ্চয়ই হৃদয়ঙ্গম করবেন কত অসুবিধার মধ্যে এঁকে কাব্য চর্চা করতে হয়েছে। এই দেশে প্রাকৃতিক সৌন্দর্য নেই বললেই চলে। যাদের মধ্যে কবির বসবাস তাদের মধ্যে মহৎ ও উদার ভাব খুবই কম, এমন কি যে ভাষা এঁরা ব্যবহার করেন তাকে ইংরেজি ভাষা প্রায় বলাই যায় না।”

এই সব দিক বিবেচনা করে যখন ডিরোজিওর এই প্রথম কাব্য সংকলনটি পড়া যায় তখন সত্যিই, বিশেষ করে “Fakeer of Tungheera” কবিতাটির কথা বলছি, মনে হয় অসাধারণ। যেন মনে হয় সেভারাসের সময়কার কোনো হুটেজ যেন হঠাৎ শুদ্ধ লাতিনে একটি কবিতা রচনা করে বসেছেন।

১৮২৬ খৃষ্টাব্দে হেনরী, “ইণ্ডিয়ান গেজেট” পত্রের অধীনস্থ সম্পাদক হন। ওই সময় থেকেই তিনি হিন্দু কলেজে, বর্তমানে প্রেসিডেন্সী কলেজে, অধ্যাপনা শুরু করেন। তখন তাঁর বেতন ছিল ১৫০ টাকা। অধ্যাপনা করতে গিয়ে ডিরোজিও ছাত্রদের সংগে এত সুন্দর ভাবে তাঁর সহজ পরিহাস-প্রিয় মনটি নিয়ে মিশে যেতেন যে ছাত্ররা তাঁকে ভালো না বেসে থাকতেই পারতেন না। আসলে প্রকৃত শিক্ষা-গুরুর যে বিশেষ গুণটি থাকে, অর্থাৎ ছাত্রের মনের জিজ্ঞাসা এবং বিদ্যার প্রতি আকর্ষণ ও ভালোবাসা তৈরী করার ক্ষমতা, তা মধ্যে যথেষ্ট পরিমাণেই ছিল।

এখানে শিক্ষকতা কালে তিনি “Objectives to the Philosophy of Emanuel Kant” গ্রন্থটি রচনা করেন। ওল্ড্ বিশপ কলেজের প্রধান Dr. W. H. Mill এই গ্রন্থটির ভূয়সী প্রসংশা করেন। ডিরোজিও দেশীয় ছাত্রদের নিয়ে একটি নিয়মিত বিতর্ক-সভার শুরু করেন। তিনি প্রাণ দিয়ে তাঁর এই কৌতুকী উৎসুক তরুণ ছাত্রদের জ্ঞানান্বেষী হৃদয়কে ক্রমশ জাগ্রত করে তুলতে চেষ্টা করেন। কিন্তু দর্শনের উচ্চ ও সূক্ষ্মতর তত্ত্ব তরুণ ছাত্রদের আকর্ষণ করলেও তাদের সংস্কারাচ্ছন্ন গুরুজনদের মনে সন্দেহের সৃষ্টি করে। কারণ সেই সংকীর্ণতার যুগে হিন্দুসমাজ মুক্তি মন্ত্রের জন্য প্রস্তুত ছিল না। তাই তাঁর বিরুদ্ধে নানা রকম অভিযোগ আসতে শুরু করে। তিনি বলেন, আমি সম্পূর্ণ নির্দোষ।

কিন্তু তিনি নির্ভয়ে স্বীকার করেছিলেন দর্শনের অনেক উচ্চ এবং আধুনিকতর মতের সংগে তাঁর অমিল নেই। এবং অনেক প্রচলিত সংকীর্ণ বিশ্বাসের সংগে তাঁর মিল কিছুতেই ঘটবে না।

কিন্তু সে সময়কার সংস্কারাচ্ছন্ন হিন্দু সমাজ ও হিন্দু পক্ষের হিন্দু ব্যবস্থাপকরা ডিরোজিওকে দোষী সাব্যস্ত করেন এবং তাঁর পদত্যাগ দাবী করেন।

পদত্যাগ করার পরও ডিরোজিও তাঁর অধ্যাপনার কাজে ক্ষান্ত দেননি। তিনি তাঁর প্রিয় ও অনুরাগী ছাত্রদের মৌলিক চিন্তায় উৎসাহ দিতেন এবং চিন্তা অনুযায়ী কর্ম করতে বলতেন। Calcutta Review তাঁর সম্বন্ধে লেখে, 'তিনি এই যুগের মহৎ শক্তিময় একটি মানুষ। যুব-বাংলার এক তরুণ উদ্গাতা।'

হিন্দু কলেজের অধ্যাপক থাকা-কালীন তিনি ছাত্রদের একটি পত্রিকা প্রকাশ করতে উৎসাহী করেন। পত্রিকাটির নাম ছিল 'The Enquirer' কলেজ ছেড়ে দিয়ে তিনি The East Indian পত্রিকা প্রকাশ করতে থাকেন। ১৮৩১ সালের ২৮শে মার্চ তিনি কলকাতার টাউন হলে এক অসাধারণ ভাষণ দেন। কলকাতার পেরেন্টাল এ্যাকাডেমির (বর্তমান ডোভটন কলেজ) ছাত্রদের কাছে ভাষণ দিতে গিয়ে তিনি বলেন শীঘ্রই তিনি 'আইন ও রাজনৈতিক অর্থনীতির' উপর একটি বক্তৃতামালা শুরু করতে চান। কিন্তু এর আগেই ২৬শে ডিসেম্বর ১৮৩১ খৃষ্টাব্দে মাত্র তেইশ বছর বয়সে বিসূচিকা রোগে তাঁর মৃত্যু হয়।

ডিরোজিও মাত্র তেইশ বছরের এই ক্ষুদ্র জীবনে যে পথ নির্দেশের আলোক বর্তিকা জ্বলে উঠেছিল তাতে নতুন যুগের বাংলা মুক্তি মন্ত্রে দীক্ষিত হয়ে উঠার শক্তি লাভ করে।

সেদিন 'সমাচার দর্পণের' সম্পাদক জয়গোপাল তর্কালঙ্কার নিন্দা ভাষণের স্থরে যে শ্লোকটি রচনা করেছিলেন, যাতে ডিরোজিওর পনের জন বাঙালী শিষ্যের নাম উল্লিখিত হয়েছে, তাঁরাই পরে আবার নিজ নিজ জ্ঞানলোক-বর্তিকা জ্বালিয়ে ভবিষ্যতের ইয়ং বেঙ্গলকে উদ্দীপনা যুগিয়েছিলেন।

শ্লোকটি ছিল এই—

“দক্ষিণারঞ্জনো রামঃ রসিকঃ কৃষ্ণ-
মোহনঃ
তারাচাঁদো রাধানাথো গোবিন্দশ্চ
চন্দ্রশ্চ শেখরঃ
হরচন্দ্রঃ রামতনুঃ শিবশ্চন্দ্রশ্চ
মাধবঃ
মহেশোহমৃতলালশ্চ প্যারীচাঁদো
মধুব্রতাঃ
ফিরিঙ্গী পুঙ্গব শ্রীমদ্ ডিরোজিও
কুশেশায়
মধুপানরতাঃ সম্যগ্ দিগ্বিদিগ্জ্ঞান-
বর্জিতাঃ।”

এই দিগ্বিদিক জ্ঞানশূন্য মধুপানরত পুরুষগুলিই পরবর্তী সময়ে কেউ হিমালয়ের উচ্চতা নিরূপণ করেন, কেউ আধুনিক বাংলা সাহিত্যের জন্ম ত্বরান্বিত করেন, কেউ কলকাতা বিশ্ব-বিদ্যালয়ের ফেলো হন ও মধুসূদন প্রমুখ তরুণ কবি, সাহিত্যিক ও দার্শনিকদের প্রেরনা দাতা হন, কেউ হন বিচার বিভাগীয় প্রধান, কেউ সমাজ সংস্কারক।

ডিরোজিওর কবিতাগুলি তাঁর অনন্যসাধারণ কালজয়ী কবিপ্রতিভার নিরীখ। ১৮৩১ খৃষ্টাব্দে 'বেংগল এ্যানুয়ালে' তিনি ছাত্রদের উদ্দেশে যে কবিতাটি লেখেন সেটির বাংলা ভাবানুবাদ হলঃ

'পাপড়ি মেলে ফুটে ওঠো সদ্যোজাত
পুষ্পের মতন
আমি দেখি তোমাদের হৃদয়ের নম্র
উন্মীলন
আমি দেখি তোমাদের দৃপ্ত প্রতিভা
আর শুদ্ধ জ্ঞানে
ধীরে ফেলে দেওয়া
সমস্ত বাঁধন আর সংকীর্ণতার
ইন্দ্রমায়া।
আমি দেখি বসন্ত কোমল দিনে
তরুণ পাখীর মত
তোমাদের ধীরে পক্ষ মেলা!
পক্ষ মেলে দেখে নেওয়া কত শক্তি
ধরে ও ডানায়।
আহা কিভাবে বাতাস গেয়ে, এপ্রিল
বর্ষার মত
ঝরে পড়ে তোমাদের শিরে
প্রথম জ্ঞানের ধারা, অগণন
উপলব্ধি, বোধ।
কিভাবে তোমরা হও চিরায়ত
সত্যের পূজারী।
আমার ভিতরে ঝরে আনন্দ,
আনন্দধারা
যখন আগামী দিনের উজ্জ্বল দর্পণে
দেখি
তোমাদের গৌরবময় দীপ্ত মুখচ্ছবি
তোমাদের আপন আদর্শ দিয়ে গড়া
সেই আগামী দিনের
নতুন মন্দিরে
আমি জানি ধীরে ধীরে গড়ে তুলবে
তোমরাই একদিন
এ কথা হৃদয়ে জানি, তাই ভাবি
বৃথা নয় এই জন্ম মনুষ্য জীবন!”

কবি ক্রান্তদর্শী। কবি ডিরোজিও ইয়ং বেংগল সৃজিত ভবিষ্যত বাংলাকে দেখতে পেয়েছিলেন। তাই তিনি অবিস্মরণীয়। **(শ্রবণী)**

কর্ণসুবর্ণ ও রক্তমৃত্তিকা বিহার

সুধীররঞ্জন দাশ

প্রাচীন কাল থেকেই বাংলাদেশে গড়ে উঠেছিল অনেক নগর, উপনগর, বৌদ্ধ স্তুপ, বিহার এবং হিন্দু মন্দির। কিন্তু দুঃখের বিষয়, প্রাচীন বাংলার এই সব নগর, বৌদ্ধ-স্তূপ, মঠ বা বিহারের কোন অস্তিত্ব আজ আর পাওয়া যায় না। কালের প্রবাহে তারা হয়তো ধরাতলে বা নদী-গর্ভে আশ্রয় নিয়েছে। তাই বাংলার ইতিহাসে তাদের কথা আজও অজ্ঞাত। সপ্তম শতকে চীন পরিব্রাজক হিউয়েন সাঙের বিবরণীতে রয়েছে প্রাচীন বাংলার চারটি রাজ্যের ও রাজধানীর বিশদ বর্ণনা—পুন্ড্রবর্ধন, সমতট, তাম্রলিপ্ত ও কর্ণসুবর্ণ। এই সব মহানগরীর উপকন্ঠে ছিল অনেক বৌদ্ধ, জৈন ও হিন্দু মঠ ও মন্দির। চারটি মহানগরীর মধ্যে মাত্র দুইটি'র বর্তমান ভৌগোলিক অবস্থান বাস্তব নিদর্শনের ভিত্তিতে নির্ধারিত হয়েছে—পুন্ড্রবর্ধন ও কর্ণসুবর্ণ।

সপ্তম শতকে বাংলাদেশের সর্বপ্রথম সার্বভৌম নৃপতি মহারাজা শশাংকের রাজধানী ছিল কর্ণসুবর্ণ। কর্ণসুবর্ণের উপকন্ঠে ছিল প্রখ্যাত মহাবিহার রক্তমৃত্তিকা। এই মহাবিহারের সন্নিকটে সম্রাট অশোক নির্মাণ করেছিলেন একটি বৌদ্ধ-স্তূপ। চীন পরিব্রাজক রক্তমৃত্তিকা মহাবিহারের পূর্ণাংগ বর্ণনা দিয়েছেন। এখানে একত্রিত হতেন নানা দেশের জ্ঞানী ও গুণীবৃন্দ এবং ধর্মপিপাসু তীর্থযাত্রিগণ।

কিন্তু দুঃখের বিষয় আমাদের সাহিত্যে ও লেখমালায় রক্তমৃত্তিকা মহাবিহারের নামোল্লেখ পাওয়া যায় না। কেবলমাত্র মালয় উপদ্বীপ থেকে আবিস্কৃত একটি লেখাতে রয়েছে 'রক্তমৃত্তিকাবাস মহানাবিক বুধগুপ্ত' উক্তদেশে বাণিজ্য করতে গিয়েছিলেন। সম্ভবতঃ বুধগুপ্ত রক্তমৃত্তিকা মহাবিহারের বৌদ্ধ সন্ন্যাসীদের আশীর্বাদ নিয়ে নৌযাত্রা করেছিলেন। হয়ত তিনি নিজেও বৌদ্ধ ছিলেন। কারণ উক্ত লেখাতে উৎকীর্ণ রয়েছে বৌদ্ধধর্মের মূলমন্ত্র।

প্রাচীন বাংলার রাজধানী কর্ণসুবর্ণ ও তার উপকন্ঠে অবস্থিত রক্তমৃত্তিকা মহাবিহারের বর্তমান ভৌগোলিক স্থিতি নির্ণয়ের জন্য উনবিংশ শতাব্দীর মধ্যভাগ থেকে পন্ডিতগণ সচেষ্ট হন। কর্ণসুবর্ণের বর্তমান অবস্থান বাংলা ও বিহারের বিভিন্ন প্রত্নাঞ্চলে ধার্য করা হয়েছে কিন্তু কোন পন্ডিতপ্রবরই অকাট্য বাস্তব তথ্যের ভিত্তিতে স্বীয় মতকে প্রতিষ্ঠিত করতে পারেন নি। ফলে বাংলার ইতিহাসে কর্ণসুবর্ণের বর্তমান ভৌগোলিক অবস্থান অনিশ্চিত রয়ে গেল।

কর্ণসুবর্ণের অবস্থান নির্ণয় করবার জন্য ১৯২৮ সালে ভারত সরকারের প্রত্নতত্ত্ব বিভাগ মুর্শিদাবাদ জেলায় রাক্ষসী ডাঙা নামক এক ঢিবিতে উৎখনন আরম্ভ করে। ১৯৩২ সালে প্রকাশিত প্রতিবেদনে বলা হয়েছে যে কর্ণসুবর্ণ ও রক্তমৃত্তিকা মহাবিহারের অবস্থান সম্পর্কে কোন নিদর্শনই পাওয়া যায়নি। তবে, আবিস্কৃত নিদর্শনগুলি বৌদ্ধস্তূপ ও বিহারেরই ধ্বংসাবশেষ। সুতরাং কর্ণসুবর্ণের ভৌগোলিক অবস্থান সম্পর্কিত সমস্যার সমাধান হল না। এরপর অনেকদিন আর কোন প্রচেষ্টা হয়নি।

মাত্র ১৪ বৎসর আগে কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রত্নতত্ত্ব বিভাগ কর্ণসুবর্ণ ও রক্তমৃত্তিকা বিহারের ইতিহাস পুনরুদ্ধারকার্যে সচেষ্ট হয়। প্রথমে কর্ণসুবর্ণের জন্য প্রস্তাবিত প্রত্নাঞ্চলগুলি সরেজমিন পর্যবেক্ষণ করা হয়। পরে মুর্শিদাবাদ জেলার যদুপুর গ্রামের অন্তর্গত বহরমপুর সহর হতে মাত্র ৬ মাইল দক্ষিণে চিরুটি ষ্টেশনের নিকটে রাজবাড়ীডাঙা নামক একটি ঢিবিতে উৎখনন আরম্ভ করা হয় ১৯৬২ সালে। প্রথম বৎসরের উৎখননেই রক্তমৃত্তিকার অবস্থান সম্পর্কে অনেক প্রত্নবস্তু আবিস্কৃত হয়। কয়েক বছর যাবত উৎখনন করার পর ডাঙারাজবাড়ী থেকে নানা প্রকার নিদর্শন পাওয়া গিয়েছে। এর মধ্যে সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ হল লেখ সম্বলিত পোড়ামাটির শতাধিক সীল। ডিম্বাকৃতি বা গোলাকার এক ধরনের সীলের উপরিভাগের কেন্দ্রস্থলে রয়েছে বৌদ্ধ ধর্মচক্র ও দুই পাশে দুইটি হরিণ। নীচে দুই ছত্রে লেখা আছে ঃ

শ্রীরক্তমৃত্তিকা-মহাবৈহা।
রিক-আর্য্য-ভিক্ষু-সঙ্ঘস্য ॥

ধর্মচক্র ও হরিণযুগল মৃগদাবতে ভগবান বুদ্ধের ধর্মচক্র প্রবর্তনের কথাই মনে করিয়ে দেয়। এই প্রকার সীল নালন্দা, বেশালী, রত্নগিরি প্রভৃতি বৌদ্ধ বিহারের ধ্বংসাবশেষ থেকেও পাওয়া গিয়েছে। অন্য প্রত্ন-সামগ্রীর মধ্যে ব্রোঞ্জের ধর্মচক্র, বুদ্ধ, গণেশ ও তারামূর্তি ইত্যাদি বিশেষ উল্লেখযোগ্য। গুপ্ত ভাস্কর্যের সমতুল্য কতিপয় স্টাকো মুন্ডের আবিষ্কারও অধিক গুরুত্বপূর্ণ। পোড়ামাটির নানাপ্রকার জিনিষপত্রও আবিস্কৃত হয়েছে। প্রাকারাদির ধ্বংসাবশেষ থেকে একাধিক মন্দির ও স্তূপের বিদ্যমানতা নির্ণীত হয়েছে। আবিস্কৃত প্রত্ন-নিদর্শনের ভিত্তিতেই সিদ্ধান্ত করা হয়েছে যে এই রাজবাড়ীডাঙাতেই অবস্থিত ছিল রক্তমৃত্তিকা মহাবিহার।

হিউয়েন সাঙের একাধিক বিবরণীতে কর্ণসুবর্ণ রাজধানীর উপকন্ঠে অবস্থিত ছিল রক্তমৃত্তিকা মহাবিহার। সুতরাং এখন নিঃসন্দেহে বলা যায় যে বর্তমান রাজবাড়ীডাঙার নিকটেই ছিল কর্ণসুবর্ণ মহানগরী।

কর্ণসুবর্ণ ও রক্তমৃত্তিকা মহাবিহারের অনিশ্চিত ভৌগোলিক অবস্থান আজ উৎখননের দৌলতে নির্ধারিত হল। কর্ণসুবর্ণ যে এই অঞ্চলেই অবস্থিত ছিল তাতে আর কোন সন্দেহ নাই। এই গুরুত্বপূর্ণ আবিষ্কারের পর চিরুটি রেলওয়ে ষ্টেশনের নাম পরিবর্তন করে কর্ণসুবর্ণ রাখা হয়েছে। কিন্তু কর্ণসুবর্ণের বর্তমান স্থিতির কোন মৌলিক নিদর্শন আজও আবিষ্কৃত হয়নি। সম্ভবতঃ পুণ্যসলিলা ভাগীরথী মহানগরীকে গ্রাস করেছে। আশা করা যায়, অদূর ভবিষ্যতে প্রাচীন বাংলার রাজধানী কর্ণসুবর্ণের অবস্থান আবিষ্কার করে উৎখননের হাতিয়ার বাংলাদেশের ইতিহাসে নূতন আলোকপাত করবে।

(শ্রবণী)

(কলকাতা বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে মুর্শিদাবাদ জেলায় কর্ণসুবর্ণ ও রক্তমৃত্তিকা বিহারের ইতিহাস পুনরুদ্ধারের জন্য খননের কাজ শ্রীসুধীররঞ্জন দাশের তত্বাবধানে করা হয়।)

নিহত আলাপ

নীলিমা সেন গঙ্গোপাধ্যায়

লিখতে বসেছিলাম। সাদা কাগজ, টেবিল ল্যাম্প, বহুদিনের ব্যবহৃত কলম—যেটা আমি প্রায়ই কামড়াই—। ঘরের কোণে রজনী-গন্ধা ,সুগন্ধ ছড়িয়েছে ; রেডিওতে মৃদুসুরে দরবারী কানাড়ায় সেতার বাজছে। এ সব না হলে আমার লেখা আসে না, পরিবেশটা চমৎকার তৈরী করেছে। ইংল্যাণ্ডের বড় বড় ইনটেলেক্‌চুয়ালরা কফি হাউসে কফি খেতেন। আমারও এক কাপ কফির দরকার। অনুষ্ঠানের ত্রুটি হবার যো নেই।

চিৎকার করে হাঁক দিলাম—"হরিপদ! এক কাপ কফি!"

ফরমাশ করে লিখতে শুরু করেছি—

"জানলাটা খুলে দাও। আলো আসুক। ঐ যে আকাশ দেখা যাচ্ছে—ব্লু-ব্ল্যাক্ ; অসংখ্য চিকমিকে তারা ; যেন জরির বুটিদার নীলাম্বরী শাড়ী। চাঁদ নেই—তাই তারাদের এমন জলসা!"—

গল্পের আরম্ভটা বেশ জোরালো হচ্ছে! পড়ে দেখলাম, অনেকটা নামী লেখকদের লেখার মতো হয়েছে। আত্ম-প্রসাদ পেলাম। হরিপদ এসে ঢুকলো। জানালো—"বৌদি! কফি হবে না—গ্যাস ফুরিয়ে গেলো।"

—"আঃ! জ্বালাতন। স্টোভে জল বসিয়ে দে—"

আমি হুঙ্কার দিয়ে উঠলাম!

—"কেরোসিন সকালেই ফুরিয়ে গেছে। রাত্তির ন'টা বেজে গেছে—দোকান বন্ধ!"

হিটারের কথাটা বলতে যাবো এমন সময় কোলকাতা অন্ধকার করে ইলেক্‌ট্রিক অন্তর্ধান করল। জানলার বাইরে তাকিয়ে দেখি—পুষ্যা, অশ্লেষা মঘার দলও অন্তর্ধান করেছে শ্রাবণের কালো মেঘের আড়ালে। টেবিলে মোম-বাতির আলোর নীচে তাকালাম ; ত্র্যহস্পর্শের প্রভাবে আমার ছোট গল্পটাও এর মধ্যে মরে গেল।

(বেতারস্থ)

বেনারসী সিল্ক সাড়ী পোষাক

শৈললাল মণিলাল ষ্টোর্স

১৬২, বিপিন বিহারী গাঙ্গুলী স্ট্রীট • কলি-১২

(বসুমতী ভবনের পার্শ্বে)

বহুবাজার ৩৫-৮৬৩৭

শ্যামবাজার ৫৫-২০০৭

কাশ্মিরী শাল বিছানা হোসিয়ারী

বাংলার অলঙ্কারশিল্প

কল্যাণকুমার গঙ্গোপাধ্যায়

সুপ্রাচীন কাল থেকে মানব সংস্কৃতির বিকাশের পথে অলংকার ধারণের উপর মানুষের এক প্রবল ও কৌতূহলোদ্দীপক অনুরাগ লক্ষ্য করা যায়। দেহকে অলংকৃত ও আকর্ষণীয় করে তোলার মধ্যে রয়েছে মানুষের অবিমিশ্র আনন্দবোধ ও সৌন্দর্যপ্রীতি। মানুষের সংস্কৃতি যে নেহাতই বস্তুভিত্তিক নয়, অলংকারের প্রতি অনুরাগ পরিস্ফুট স্বতঃস্ফূর্ত আনন্দের প্রকাশই তার প্রমাণ।

এই আনন্দ উৎসারিত হয়েছিল নানা রঙ্ ও আকারের ফুল এবং পত্রপল্লবে। আদিম নরনারী এই সব ফুল আর লতাপাতা দিয়ে দেহ সাজাতে পরম আনন্দ ও উল্লাস বোধ করত। ফুলপাতার অলংকার পরার রেওয়াজ আমাদের দেশে এখনও খুবই জনপ্রিয়। তবে ফুলপাতা ছাড়া আর এক ধরনের অলংকারও সেই আদিম স্তরের মানুষেরা ব্যবহার করত যার প্রধান উপকরণ ছিল মৃত পশুপক্ষীর হাড়, নখ, দাঁত, পালক ইত্যাদি। এখনও অনেক আদিবাসী আর বনবাসী সম্প্রদায়ের মধ্যে এই সব উপকরণ দিয়ে দেহকে সাজাবার প্রচলন দেখা যায়।

নিছক সৌন্দর্য সম্পাদন ছাড়া নানা ধরনের ইন্দ্রজাল বা যাদুর উপর বিশ্বাস এই ধরনের অলঙ্কার প্রবর্তনের মূলে ক্রিয়াশীল ছিল বলে মনে হয়। বিবর্তন পথে এক সময় মানুষ রঙিন পাথর আর বিভিন্ন ধাতু দিয়ে অলঙ্কার নির্মাণ করতে শিখল। আর এই সব ধাতুতে পাথর তৈরী অলঙ্কারই ব্যাপকভাবে ব্যবহৃত হতে লাগল। তবে ধাতুতে নির্মিত হওয়ার সময় অনেক অলঙ্কারই অতীতের ফুলপাতা বা পশুপক্ষীর দাঁত নখের আদল নিয়ে তৈরী হয়েছিল। এ কথা সহজেই অনুমেয়। এ ছাড়া আর এক শ্রেণীর অলঙ্কারের মূল উপকরণ ছিল নানা রঙের পাথর যাকে অন্য পাথরের উপর ঘষে ছোট বা মাঝারি দানার বা পুঁতির আকারে গড়ে মালার মত জুড়ে নেওয়া হত।

সুপ্রাচীন কাল থেকেই বাংলায় এই সব ধরনের নানা বৈচিত্রপূর্ণ অলঙ্কার ধারণ করা প্রচলিত রয়েছে রূপ-বৈচিত্র্য এবং আকর্ষণীয়তায় বাংলায় প্রচলিত অলঙ্কার বোধহয় চিরকালই যথেষ্ট বিশেষত্বপূর্ণ বলে গণ্য হয়েছে, প্রাচীন প্রচলিত সাহিত্য এবং প্রত্নতাত্ত্বিক প্রমাণ থেকে এ কথা অনুমান করা যায়।

বাংলায় প্রচলিত অলঙ্কার অতীতে ভারতের অন্যান্য অঞ্চলের অলঙ্কার থেকে অবশ্য স্বতন্ত্র বা আলাদা কিছু ছিল না। সারা ভারতবর্ষের মানুষই সেই অতীতকাল থেকে অলঙ্কার প্রীতির পরিচয় দিয়েছে। অতীতের হরপ্পা সভ্যতার লোকেরা সোনা আর তামা এবং নানা রঙের পাথরের পুঁতির অলঙ্কার ব্যাপকভাবে ব্যবহার করত। এর পরে দেখি প্রাচীন সংস্কৃত আর তামিল সাহিত্যে বহু বৈচিত্র্যপূর্ণ নানা অলঙ্কারের শ্রুতিমধুর নাম ও বর্ণনা। তামিল ভাষার দুটি প্রখ্যাত সাহিত্যকীর্তি 'শিলপ্পাদিকারম' ও 'মণিমেখলই' দুটি অলঙ্কারের নামে চিহ্নিত, যেমন প্রখ্যাত সংস্কৃত নাটক রত্নাবলী। এ ছাড়া কাব্য ও নাটকে অলঙ্কারের নাম ও বর্ণনা এত বিচিত্র যে তার সম্পূর্ণ পরিচয় পাওয়া দুরূহ। এ থেকে অতীতে ভারতে যে অলঙ্কারের প্রভূত জনপ্রিয়তা ছিল তার পরিচয় পাওয়া যায়। সেই রামায়ণ মহাভারতের আমল থেকে আরম্ভ করে অশ্বঘোষ, ভাস, কালিদাস, ভবভূতি, বাণভট্ট এবং বাংলার জয়দেব ইত্যাদির রচনায় মুকুট এবং চূড়ামণি নামে মস্তকভূষণ, কানের কুণ্ডল, কণ্ঠ এবং বক্ষের হার এবং রত্নাবলী, হাতের কেউর, অঙ্গদ এবং বলয়, আঙ্গুলের অঙ্গুরীয়ক, কোমরের কটিসূত্র, মেখলা বা রসনা এবং পায়ের পদাঙ্গদ এবং নূপুর নামে ভিন্ন ভিন্ন অলঙ্কারের বিস্তৃত উল্লেখ দেখা যায়। উজ্জ্বল রং আর নক্সার নানা বৈচিত্র্যের জন্য এই সব অলঙ্কারগুলি খুবই উল্লেখ্য। ভিন্ন ভিন্ন প্রত্নতাত্ত্বিক অন্বেষণ কেন্দ্র থেকে প্রাচীন অলঙ্কারের কিছু কিছু নিদর্শন পাওয়া গিয়ে থাকলেও অতীতের অলঙ্কার প্রীতির তেমন কোন পরিচয় এই সব নিদর্শন থেকে পাওয়া যায় না। সাহিত্যে বর্ণিত অলঙ্কারের পরিপোষক দৃষ্টান্ত পেতে হলে সমকালীন মূর্তিশিল্পের সাহায্যই প্রধান সহায়ক।

বাংলার যে সব অঞ্চলে প্রত্নতাত্ত্বিক অন্বেষণ অতীতের সভ্যতার সন্ধান দিয়েছে বারাসতের সন্নিকটে বেড়াচাপা, মেদিনীপুরের তমলুক এবং দিনাজপুর জেলার বানগড় তাদের মধ্যে অন্যতম। এই সব অঞ্চল থেকে শুঙ্গ যুগের কিছু পূর্বকাল থেকে কুষাণ ও গুপ্তযুগ পর্যন্ত তৈরী যে অসংখ্য মাটির পুতুল পাওয়া গেছে সেই সব পুতুলের দেহসজ্জায় যে অলঙ্কারের স্তবক লক্ষ্য করা যায় তা প্রভূত সৌন্দর্যোদ্দীপক, মনোহর ও বৈদগ্ধ্যের পরিচায়ক। এই সব হ্রস্বায়ত নরনারীর মূর্তির গড়নে এবং অঙ্গসজ্জায় যে সহজ ও সচ্ছন্দ সৌন্দর্য-সৃষ্টির প্রয়াস দেখা যায় বাংলায় প্রচলিত অলংকারশিল্পের প্রভাব যে তার অন্যতম উপকরণরূপে ব্যবহৃত হয়েছিল এ বিষয়ে কোন সন্দেহ নাই। বিশেষ করে এক ধরনের রমণীমূর্তির কেশবিন্যাসে বাণ, অঙ্কুশ ইত্যাদি পাঁচটি অস্ত্রের আকারে রচিত কীলকাকৃতি অলঙ্কার, ললাটতিলক, কানের কুণ্ডল, কণ্ঠ ও বক্ষের বৈচিত্র্যপূর্ণ হার, হাতের গোল অলঙ্কার, কোমরের কটিসূত্র অপূর্ব বৈচিত্র্য ও মোহনীয়তার সঞ্চার করেছে। নানা নক্সায় রচিত এই সব গহনায় অলঙ্কৃত যে সব নারী-মূর্তি মাটির কাঠামোয় প্রকীর্তিত হয়ে আছে, তারা বাংলার সেকালের কোন এক আনন্দমুখর প্রাণোচ্ছল সমাজজীবনের আলেখ্য বহন করছে। এ প্রশ্ন স্বভাবতই জাগ্রত হতে পারে।

সুপ্রাচীন কালের মৃত্তিকার আধারে নির্মিত নরনারীর মতই পরবর্তী যুগের প্রস্তর ভাস্কর্যে বাংলার অলঙ্কার শিল্পের ব্যাপক প্রতিফলন দেখা যায়। খৃষ্টীয় চতুর্থ থেকে দ্বাদশ শতাব্দী পর্যন্ত নির্মিত যে অসংখ্য দেবদেবীর মূর্তি বাংলার প্রায় সর্বত্র পরিদৃষ্ট হয়, তাতেও পরিধেয় অলঙ্কারের নানা বৈচিত্র্য ও সূক্ষ্ম কারুকার্যের পরিচয় সুস্পষ্ট। নানা উপকরণে বৈচিত্র্য সঞ্চার করে বাংলার স্বর্ণকার ও মণিকারেরা যে সমৃদ্ধ ঐতিহ্যের সৃষ্টি করেছিল, এ বিষয়ে কোন সন্দেহ নাই। পরে মঙ্গলকাব্যগুলিতেও অলঙ্কারের যে ব্যাপক উল্লেখ ও বর্ণনা পাওয়া যায়, তা বাংলার অলঙ্কারশিল্পের ধারাবাহিকতা ও জনপ্রিয়তার পরিচায়ক। মণ্ডল কলার এই বৈশিষ্ট্যে বাংলার অলঙ্কারশিল্পকে বর্তমান কাল পর্যন্ত শ্রী ও সৌন্দর্যে অতুলনীয় করে রেখেছে। (বেতারস্থ)

ব্যক্তিত্বের আলোয়

হীরেন্দ্রনাথ দত্ত

শেষের কবিতা'য় অমিট রায়ের পরিচয় দিতে গিয়ে রবীন্দ্রনাথ বলেছেন, ও আর পাঁচ জনের মতো নয়, একেবারে পঞ্চম। আর কারো মতো নয়, কাজেই মানুষটা নিজের মতো অর্থাৎ কিনা ওর একটা নিজস্বতা আছে। এই যে পরিচয় এ হল ব্যক্তিত্বের পরিচয়। সংসারে বেশির ভাগ মানুষই এক ছাঁচে গড়া। চলনে-বলনে, আচারে-ব্যবহারে তারতম্য বড় একটা দেখা যায় না। বাঁধা রাস্তায় চলে, বাঁধা বুলি আওড়ায়। একই জীবনযাত্রা, একই চিন্তা-ভাবনা, এমন কি এদের সাধ-আহ্লাদও একই ধরনের। মনে হয় এদের নিজস্ব কোন নাম গোত্র নেই, সকলে মিলে মিশে একাকার। জীবনের একটা ব্যাকরণ আছে। এরা সেই ব্যাকরণের সাধারণ সূত্র মেনে চলে। আর যে অতি অল্প-সংখ্যক মানুষ নিয়মের ব্যতিক্রম, যাঁরা স্বতন্ত্র প্রকৃতির, তাঁরা নিপাতনে সিদ্ধ। তাঁরা ব্যাকরণ মানেন না, তাঁদের নিজস্ব একটা ইডিয়াম আছে।

ঐ ইডিয়ামটিই তাঁদের ব্যক্তিত্বের পরিচায়ক। তার প্রকাশ তাঁদের বুদ্ধির দীপ্তিতে, বাক্যের ভঙ্গিতে, রুচির উৎকর্ষে, চরিত্রের বৈশিষ্ট্যে। এরূপ ব্যক্তিত্বের অদ্ভুত আকর্ষণ, যেন এক অদৃশ্য সূত্রে মানুষের মনকে টানতে থাকে। আলোর আভা বা ফুলের গন্ধকে যেমন ঢেকে রাখা যায় না, চতুর্দিকে ছড়িয়ে পড়ে, একটি বিশেষ ব্যক্তিত্বের দীপ্তিও তেমনি সমস্ত পরিবেশকে উজ্জল করে রাখে।

ব্যক্তিত্বসম্পন্ন যে মানুষ, তিনি কখনো ভিড়ের মধ্যে হারিয়ে যান না। হাজার লোকের ভিড়েও লোকে তাঁকে আলাদা করে দেখবে। দৃষ্টান্ত দিয়েই বলা যাক্। সকলেই জানেন 'হিন্দু মেলা'র ভিড়ের মাঝখানে বালক রবীন্দ্রনাথ দেখেছিলেন বঙ্কিমচন্দ্রকে। দেখেই বিস্মিত; জিজ্ঞেস করেছিলেন, ইনি কে? বঙ্কিমের অনন্যসাধারণ ব্যক্তিত্বের ছাপ নিশ্চিত তাঁর মুখে চোখে এমন সুস্পষ্টরূপে জাজ্বল্যমান ছিল যে বহু লোকের ভিড়ের মধ্যে ঐ একজনই তাঁর কৌতূহলকে উদ্দীপিত করেছিল। এ হল ব্যক্তিত্বের অপ্রতিরোধ্য আকর্ষণ।

ঠিক এ জাতীয় কথা একজন ইংরেজ লেখক বলেছিলেন খ্যাতনামা বাগ্মী এবং সাহিত্যিক এড্মান্ড বার্ক সম্বন্ধে। বলেছেন, শিক্ষায় দীক্ষায়, কর্মে চিন্তায়, আলাপে আচরণে বার্ক এমন একটি উজ্জ্বল ব্যক্তিত্বের অধিকারী ছিলেন যে তাঁকে যে কোন স্থানে যে কোন অবস্থায় দেখবামাত্রই অসামান্য বলে চেনা যেত। মনে করুন হঠাৎ চেপে বৃষ্টি এসেছে আর পথচারীরা অনেকে দ্রুতপদে এসে একটা গাড়িবারান্দার তলায় আশ্রয় নিয়েছে। সে ভিড়ের মধ্যে বার্কও এসে দাঁড়িয়েছেন। প্রত্যেকটি লোকের দৃষ্টি ঐ মানুষটার উপর গিয়ে পড়বে। মনে মনে বলবে, ইনি কে? ইনি তো আমাদের মতো নন, অন্য জাতের মানুষ। আর, সেখানে দাঁড়িয়ে তাঁকে ফরাসী বিপ্লব সম্পর্কে বক্তৃতা করতে হবে না। নেহাৎ যদি আবহাওয়া সম্বন্ধেও দুটো কথা বলেন তাতেই তাঁর বিদগ্ধ চিত্ত এবং পরিশীলিত ব্যক্তিত্বটি প্রকাশ পাবে।

দৃষ্টান্তের জন্যে দূর দেশে যাবার প্রয়োজন কি? রবীন্দ্রনাথকে প্রথম দেখে চমকে ওঠেননি এমন মানুষ কমই আছেন। সেটা যে কেবল তাঁর দেবদুর্লভ দেহকান্তির গুণে হয়েছে এমন নয়। তাঁর বিরাট ব্যক্তিত্বই মানুষের মনকে দর্শনমাত্র অভিভূত করেছে। ইংরেজ সাহিত্যিক আর্নেস্ট রীজ-এর গৃহে রবীন্দ্রনাথ গিয়েছিলেন সাক্ষাতের উদ্দেশ্যে। দরজা খুলেই অপ্রত্যাশিতভাবে রবীন্দ্রনাথকে দেখে রীজ্ হতবাক। লিখেছেন, For a moment I was abashed; it was as if Prophet Isiah had come to one's door. হতে পারে রবীন্দ্রনাথের দেবদুর্লভ মূর্তি খানিকটা তাঁকে হতভম্ব করেছিল। কিন্তু পর

(শেষাংশ পরপৃষ্ঠায়)

জীবনের আলোয়

লিমিটেড স্টপ বাস

হিমানীশ গোস্বামী

যাঁরা কোলকাতায় থাকেন না তাঁদের জন্য বলি এখানে এক ধরনের বাস চলছে, যেগুলো অপেক্ষাকৃত দ্রুতবেগে চলে, সব স্টপের জায়গায় থামে না। ইংরিজিতে বলা হয় লিমিটেড স্টপ বাস। লিমিটেড এর প্রথম অক্ষর L দিয়ে এই বাসগুলির নম্বর আরম্ভ। একটি বাসের নম্বর L নাইন।

এই রকম একটি বাসে উঠে সেদিন চলেছিলাম অফিসের দিকে। একটু যে ভীড় হয়েছিল তা বোধহয় বিশেষ করে বলতে হবে না। দাঁড়িয়ে রয়েছি মাঝামাঝি জায়গায়, এমন সময় শুনলাম—কনডাকটর বাইরে দাঁড়িয়ে থাকা লোকজনকে বলছেন, 'এল নয় এল নয়'!

শুনে আমার পাশের ভদ্রলোক বলে উঠলেন, 'এল নয় তাহলে বেশি ভাড়া নেওয়া হল কেন?'

কনডাকটর বললেন, 'এল নয় বলিনি তো আমি......।'

কথা শেষ হতে দিলেন না পাশে দাঁড়ানো ভদ্রলোক। তিনি বললেন, 'আলবত বলেছেন আপনি এল নয়, আমি পষ্ট শুনেছি!'

কনডাকটর বললেন, 'আপনি ভুল শুনেছেন এ বাসের নম্বর হল নয়, পাঁচ ছয় সাত আট নয় দশ, এই সবের একটি নম্বর হল নয়। এল নয় হল বাসের নম্বর, এল নয় নয়, এল নয়—মানে নাইন।'

পাশের ভদ্রলোক বললেন, 'তাহলে বাংলা ইংরিজি মেশান কেন? তাতেই তো কনফিউশন হচ্ছে। বলুন এল নাইন।'

এর পর কনডাকটর সত্যিই বলতে লাগলেন, এল-নাইন। দু এক স্টপেজ গেল, কোন গোলমাল নেই। হঠাৎ বাইরে থেকে এক বাজখাঁই গলার আওয়াজ শুনতে পেলাম, 'এল নাই বলছেন কেন দাদা, লেখা রয়েছে এল......।'

কনডাকটর তখন যাত্রীদের কাছে বললেন—দুঃখের কথা বলব কি মশাই, নাইন বললে লোকে যদি শোনে "নাই" তাহলে আমি কি করি বলুন তো?'

তখন একজন অবাঙালী ভদ্রলোক বললেন, 'বলুন এল নও নম্বর।' তিনি ন কে উচ্চারণ করলেন 'নো' এই ভাবে। তিনি নিজেই সম্ভবত কনডাকটরকে সাহায্য করবার জন্য বলতে লাগলেন নো নম্বর—নো নম্বর! একজন সাহেব ছিলেন বোধ হয় বাসে, ভীড়ে তাঁকে দেখতে পাইনি। তিনি বললেন 'হোয়াট্ নো নাম্বার? আই ডিস্‌টিংক্‌টলি স নাম্বার এল নাইন, হোয়াই ডোন্ট ইউ সে নামবার এল নাইন?'

তখন সবাই বললো, যখন সায়েব বলছেন তখন ঐ ভাবেই বলা উচিত। কনডাকটর এবারে বললেন, 'এর পর কিন্তু আর কেউ আমাকে উলটো পালটা কথা বলবেন না বলে দিচ্ছি।'

তারপর একটা স্টপেজ। কনডাকটর বললেন, নামবার এল নাইন! নামবার এল নাইন

একজন বৃদ্ধের ক্ষীণ আওয়াজ শোনা গেল 'কোথায় নামবার লাইন মশাই, ছাড়া কিছু দেখছি না, কোনদিকে লাইন, ও মশাই?'

একদিনের কথা, সেও বাসেই। ভীড় সেখানেও, কিন্তু সহজ ভীড়। বাস ধরে কেউ তখনো ঝুলতে শুরু করেনি। আমি চলেছি শ্যামবাজার থেকে বালিগঞ্জের দিকে। নানা কথা লোকে কইছে, তার কিছু কিছু কানে আসছে।

কোন এক স্টপেজে দু তিনজন উঠলেন। আমি যে সীটে বসেছিলাম তার সামনের সীটে এক ভদ্রলোক নতুন ওঠা একজনকে দেখে একটু যেন চমকে উঠলেন। তারপর এক মিনিট কেবল তাঁর দিকেই তাকিয়ে রইলেন। নতুন ওঠা লোকটি হঠাৎ সামনের সীটের ভদ্রলোককে দেখে বললেন, রামবাবু না?

সামনের সীটের ভদ্রলোক কাঁপা কাঁপা গলায় বললেন, 'আরে অবনী যে!! তুমি......তুমি কি করে......।'

অবনীবাবু বললেন, 'আমি কি করে মানে......!?'

রামবাবু বললেন, 'মানে আমি বলছিলুম কি, মানে......শুনলাম তুমি নাকি মারা গেছ?'

অবনীবাবু বললেন, 'এই কথা? আপনি নিশ্চিন্ত থাকতে পারেন আমি মারা যাইনি।'

রামবাবু বললেন, 'তবে যে তীর্থ বলল তুমি মারা গেছ?'

অবনীবাবু বললেন, 'তীর্থ মিথ্যে কথা বলেছে।'

রামবাবু বললেন, 'তীর্থ খামোখা মিথ্যে কথা বলতে যাবে কেন, ওতো বাজে কথা বলে না। তার কি স্বার্থ থাকতে পারে, অ্যাঁ?'

অবনীবাবু বললেন, 'তবে কি আপনার তীর্থের কথাই বিশ্বাস করছেন, আর আমি যে চাক্ষুষ আপনার সামনে দাঁড়িয়ে বলছি এটা বিশ্বাস করছেন না?'

এ তর্ক কতক্ষণ চলতো জানি না। একজন যাত্রী জিনিষটা সহজ করে দিলেন। তিনি বললেন, 'উনি মরেননি ঠিকই। দিব্যি পনের পয়সা খরচ করে টিকিট কিনলেন তো দেখলাম। মরারা কখনো টিকিট কেনে? আর উনি প্রথমেই বললেন রামবাবু না? মরারা কখনো 'রাম' নাম করতে পারে?

আর একটি ঘটনা একটি বিখ্যাত ব্যক্তি সম্পর্কে। তাঁর অবশ্য নাম বলা যাবে না। তিনি জীবনে পয়সার জন্য অনেক কিছু করেছেন। একদিন দেখা গেল খবরের কাগজে তাঁর ছবি। একটা বিশেষ সিগারেটের বিজ্ঞাপন। তাঁর বিবৃতি হিসেবে লেখা—অমুক সিগারেট আমার গলার বা বুকের ক্ষতি করে না।

তাঁর একজন পরিচিত ব্যক্তি তাঁকে ধরে ফেললেন। 'মশাই, আমরা জানি আপনি সিগারেট টানেন না।'

—একদম না।

—তবে যে বিজ্ঞাপনে আপনার ছবি ছাপা হল, আপনার বিবৃতি ছাপা হল?

—তা হল।

—তা আপনি মিথ্যে মিথ্যে নিজের নাম ঐ ভাবে ব্যবহার করতে দিলেন?

বিখ্যাত ভদ্রলোক তখন বললেন, 'মিথ্যে মিথ্যে কেন হবে, টাকা পেয়ে গেলাম যে মোটা!'

—টাকা পেলেই বুঝি মিথ্যেটা সত্যি হয়ে যায়?

—ওর মধ্যে মিথ্যেটা কোথায় দেখলে? বিখ্যাত ভদ্রলোক বললেন—'আমি কি বলেছি ভাল করে পড়েছ?' পড়ে দেখ, পষ্ট ভাষায় আমি লিখেছি অমুক সিগারেট আমার গলার বা বুকের ক্ষতি করে না। কথাটা ঠিকই, ঐ সিগারেট টানলে তবে তো আমার গলার বা বুকের ক্ষতি হবে'?

(শ্রবণী)

ব্যক্তিত্বের আলোয়

(পূর্বপৃষ্ঠার পর)

মুহূর্তেই বলেছেন, অত্যন্ত সহজ সরল মানুষটি, বসে বসে বড় বড় তত্ত্বকথা বলেননি। খুব ঘরোয়া রকমের সাধারন কথাই বললেন, চা খেলেন। অথচ গৃহে পদার্পণ মাত্র মনে হল যেন এক অভাবনীয় আবির্ভাব। একে কি বলবেন? অসাধারণ ব্যক্তিত্বের সম্মোহন ছাড়া আর কি?

বিদ্যাসাগর মানুষটি খুব একটা সুপুরুষ ছিলেন এমন কথা কেউ বলবে না। কিন্তু বীরসিংহের সন্তানটি যে একটি পুরুষসিংহ সেটা যিনিই তাঁর সংস্পর্শে এসেছেন তিনিই এক মুহূর্তে তা বুঝে নিয়েছেন। দেখতে খর্বাকৃতি হলে কি হবে তেজে বীর্যে ব্যক্তিত্বের মহিমায় তাঁকে শালপ্রাংশু-মহাভুজ বলেই মনে হত। কটিবাস পরিহিত ক্ষুদ্রকায় গান্ধীজী সম্পর্কেও এ কথা প্রযোজ্য। রাজা-বাদশা লাট-বেলাট সকলে যাঁর ব্যক্তিত্বের কাছে মাথা নত করেছেন, তাঁকে দিগ্‌বিজয়ী বীর বলতে বাধা কি?

গান্ধীজীর কথায় নেহরুর নাম আপনি এসে যায়। নেহরুর ব্যক্তিত্বে আশ্চর্য বর্ণসমারোহ। তাঁকে অনেক বার খুব কাছে থেকে দেখবার সৌভাগ্য হয়েছে। দেখে চমৎকৃত হয়েছি। বিদ্যা বুদ্ধি মননশীলতা কবিসুলভ তন্ময়তা। সমস্ত মিলে তাঁর ব্যক্তিত্বকে এক অপূর্ব লাবণ্য দিয়েছিল। রাজনীতির ক্ষেত্রে এমন বহুমুখী বর্ণাঢ্য ব্যক্তিত্ব পৃথিবীর ইতিহাসে বিরল।

ব্যক্তি বিশেষের মধ্যে যে বিশেষ গুণ বা শক্তি নিহিত থাকে তার বহিঃপ্রকাশকেই বলে তার ব্যক্তিত্ব। সেটা কারো বেলায় জ্ঞানের গভীরতা, কারো বুদ্ধির তীক্ষ্ণতা, কারো হৃদয়ের ঔদার্য, কারো চরিত্রের মাধুর্য। এ সব গুণ তো সহজলভ্য নয়। এর জন্যে সাধনা চাই। অনেকে বাকচাতুর্য বা বাইরের চাকচিক্য দিয়ে মানুষের মনকে বশ করতে চান। সেটা টেকসই হয় না। কারণ মিথ্যে বোলচাল দিয়ে ব্যক্তিত্বের দৌর্বল্য ঢেকে রাখা যায় না। আসল কথা, সাধনার দ্বারা যা লভ্য, প্রসাধনের দ্বারা তা লাভ করা অসাধ্য।

(শ্রবণী)

বেনারসী ও সিল্ক শাড়ী
ইণ্ডিয়ান সিল্ক হাউস
এ ভেং ন্সি স্ত
১২৯ এ, রাসবিহারী এভিনিউ. কলিকাতা-২৯

পাঁচ দরজা, এক বারান্দা

মণীন্দ্র রায়

সূর্য ওঠার আগে
বত্তিচেল্লির ভেনাসের মতো
স্বপ্নোত্থিত সুন্দর সেই আকাশ,
কিম্বা দিগন্তের শেষ প্রান্তর
স্থির কিন্তু অস্পষ্ট কোনো পাহাড়ের
ভুলে যাওয়া গোষ্ঠীজীবনের
টটেমের মতো কোনো উপস্থিতি—
ছবিতে এসব এঁকে টাঙিয়ে রাখা যায় দেয়ালে,
আর সে দূরত্বও হয়ে যেতে পারে আমার
স্নায়ুমজ্জার ভাগীদার।

দরকার হতে পারে আমার
প্রভুভক্ত কিন্তু নিষ্ঠুর কোনো সংগী,
যে হতে পারে দিনরাত্রির পাহারাদার,
প্রাণ দিতে রাজি থাকে যে আমার জন্যে,
কিন্তু প্রতিদানে পায় সে সামান্যই—
তারও জন্যে মনের একটা দরজা
খোলা থাকে আমার,
সে কিছু বোঝে না বলেই।

কখনো কখনো মিলে যায়
যোগ্য আমার প্রতিদ্বন্দ্বী—
জয় ক'রে আনে যে আমাকে আমার
অজন্মার ভেতর থেকে তীক্ষ্ম লাঙলে বিঁধে,
কিম্বা দুর্গম পাহাড়ের পাকদন্ডী ভেঙে
নিয়ে যায় আমাকে আমার গোমুখীর কাছে,
আর যখনি তার তৃষিত শরীরের অণুপরমানুতে মিশে
মনে করি আমি সুখী,
হঠাৎ যেন দ্যলাক্রোয়ার আঁকা
সেই ঝড়ের মুখে ঘোড়ার মতো
দুর্ধর্ষ গতির ঘাড় বাঁকানো অনিশ্চয়ের চাপে
সে হয়ে ওঠে দুর্বোধ্য।

আর যারা আছে
নিতান্তই তারা কাজের দিনের সহচর
কিম্বা ক্লাবের একান্তে মন-দেয়া-নেয়ার ক্ষণিক বিলাস,
জলের গেলাসের মতো দরকারি কিন্তু তারাও;
আমার বুকের মধ্যে তবু তাদের কোনো ফোটোগ্রাফ নেই।

পাঁচরকমের এই পঞ্চতন্ত্রের
গল্পটল্প অনেকবার উল্টেপাল্টেও
আমার মন ঘুরে বেড়ায় তবু
বোগনারের সংগীতের মতো
প্রায় অর্ধোচ্চারিত কিন্তু মর্মে মর্মে গাঁথা
কোনো প্রশান্ত-অস্থির সমুদ্রের
দূরাকাঙ্ক্ষী বালুকা-বেলায়;
আমার সারাদিনের কাজ ও অকাজের মধ্যে
নির্বাক বায়োস্কোপের কোনো তাঁতের মাকুর মতো
নিঃশব্দে ছুটোছুটি করে যে ইচ্ছা,
সে কখনো মিশিয়ে দেয় না তার নির্যাস
আমার আহ্লাদের বাগানে;
শিশুর মতোই সতেজ তার মন,
মিশতে পারে সে রাখালের সঙ্গেও,
ভীষণতায় সে রুদ্রচণ্ড—
তর্জনীতে ঘোরাতে পারে ত্রিকালের চাকা;
তাকেই আমি খুঁজি আমার
গোপন লজ্জার দিবালোকের অন্ধকারে;
সে আমার কবিতার মতোই
উঠে আসে আমার মনের ভেতর থেকে;

আর তাই
আমার হলুঘরের পাঁচটা দরজা
একসঙ্গে খোলা থাকলেও,
আমি সেই শূন্যতার বারান্দায় না দাঁড়ালে
রাস্তা দেখতে পাই না।

বিজ্ঞাপন

আকাশবাণী আগরতলা কেন্দ্রের কেন্দ্র অধিকর্তা এই কেন্দ্রে যন্ত্রশিল্পী সেতার/তানপুরা এবং মিউজিক কম্পোজার স্টাফ আর্টিস্ট পদে নিয়োগের উদ্দেশ্যে আকাশবাণী কর্তৃক গ্রেড-প্রাপ্ত শিল্পীদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করছেন। (প্রত্যেক বিভাগে একটি করে পদ)।

কার্যাবলী ঃ সহযোগী যন্ত্রবিদ/যন্ত্রবিদ হিসেবে সময় তালিকা অনুযায়ী কাজ করতে হবে। প্রয়োজনবোধে বেতারে একক অনুষ্ঠান পরিবেশন করতে হবে, বিশেষ বিশেষ উপলক্ষ্য অনুসারে বিশেষ বিশেষ সংগীতানুষ্ঠানের মহড়া দিতে হবে, এবং সুরসাম্য রক্ষা করা ছাড়াও প্রার্থীকে যন্ত্রাদি রক্ষণাবেক্ষণের দায়িত্ব বহন করতে হবে। সংগীত রচনা, স্বরলিপি ইত্যাদির তত্ত্বাবধান, সংগীত শিক্ষার আসরে সহযোগী বা সহকারীর দায়িত্ব বহন এবং সময়ান্তরে অর্পিত অন্যান্য দায়িত্ব বহন করতে হবে।

যোগ্যতাবলী ঃ (ক) সেতার/তানপুরা শিল্পী হিসাবে আকাশবাণীতে অনুষ্ঠান করেছেন এবং আকাশবাণী কর্তৃক অন্ততঃ গ্রেড-প্রাপ্ত। (খ) সংগীতে সুষ্ঠু ও প্রণালীবদ্ধ ট্রেনিং প্রাপ্ত। (গ) অন্যান্য যন্ত্রশিল্পীদের মিলিয়ে দলগত অনুষ্ঠান পরিবেশনের যোগ্যতা। (ঘ) একক/সহযোগী হিসেবে অনুষ্ঠান পরিবেশনের যোগ্যতা। (ঙ) হিন্দী এবং বাংলা ভাষায় লেখা ও পড়ার যোগ্যতা।

বাঞ্ছনীয় ঃ তানপুরায় সুরারোপ ও সহযোগিতা করার দক্ষতা।

ফি স্কেল ঃ

(ক) 'বি' গ্রেড শিল্পী ঃ টাকা ৪২৫—১৫—৫০০—ইবি—১৫—৫৬০—২০—৬৪০—ইবি—২০—৭০০—২৫—৭৫০

(খ) 'বি' হাই গ্রেড ঃ টাকা ৫৫০—২৫—৭৫০—ইবি—৩০—৯০০

(গ) 'এ' গ্রেড শিল্পী ঃ টাকা ৬৫০—৩০—৭৪০—৩৫—৮১০—ইবি—৩৫—৮৮০—৪০—১০০০—ইবি—৪০—১২০০

তৎসহ স্টাফ আর্টিস্টদের ক্ষেত্রে সময়ান্তরে প্রদেয় অন্যান্য ভাতাসমূহ।

তানপুরা শিল্পীর ক্ষেত্রে: শুধুমাত্র 'বি' গ্রেড প্রাপ্ত শিল্পীরাই যোগ্য।

মিউজিক কম্পোজার (জুনিয়ার গ্রেড)

যোগ্যতাবলী (আবশ্যিক) ঃ (ক) মিউজিক কম্পোজার হিসেবে আকাশবাণীর স্বীকৃতি বা সংগীত রচনা, সুরারোপ এবং তা অন্যান্যদের শিখিয়ে নেওয়ার সামর্থ (প্রমাণপত্র পেশ করতে হবে)। (খ) শাস্ত্রীয় সংগীত এবং সংশ্লিষ্ট অঞ্চলের লোকগীতি ও লঘুসংগীতে জ্ঞান।

বাঞ্ছনীয় ঃ (ক) ম্যাট্রিকুলেশন বা তৎসমতুল। (খ) বিশ্ববিদ্যালয়/অনুমোদিত শিক্ষায়তন থেকে সংগীতে ডিগ্রী বা ডিপ্লোমা। (গ) সংগীত ও স্বরলিপি রচনার সামর্থ্য।

ফি স্কেল ৫৫০ টাকা ফি ক্রমে ঃ টাকা ৫৫০—২৫—৭৫০—ইবি—৩০—৯০০

বয়স ঃ সবকটি পদেই ১-৭-৭৭ তারিখে ১৯ থেকে ৪৫ বৎসরের মধ্যে। সরকারী কর্মচারী, আকাশবাণীতে কর্মরত স্টাফ আর্টিস্ট, তপশিলী জাতি এবং তপশিলী উপজাতিদের ক্ষেত্রে বয়ঃসীমা নিয়মানুযায়ী শিথিলযোগ্য।

প্রার্থীদের পরীক্ষার জন্য নিজ খরচে আকাশবাণী আগরতলা কেন্দ্রে উপস্থিত হতে হবে।

সরকারী কর্মরত প্রার্থীগণ নিয়মানুগ পদ্ধতিতে আবেদনপত্র প্রেরণ করবেন।

মনোনীত প্রার্থীকে আকাশবাণীর যে কোন কেন্দ্রে বদলী করা হতে পারে।

মনোনীত প্রার্থীকে প্রয়োজনীয় নিয়মাবলী সম্পূর্ণ হওয়া সাপেক্ষে প্রথমে নবীকরণযোগ্য এক মাসের চুক্তিতে নিয়োগ করা হবে। তারপর নির্ধারিত বেতনহারে এক বৎসরের শিক্ষানবিশীকালসহ তিন বৎসরের চুক্তিতে স্টাফ আর্টিস্ট হিসেবে তিনি নিযুক্ত হবেন। সফলতার সঙ্গে শিক্ষানবিশীকাল সমাপ্ত হলে নিযুক্ত ব্যক্তিকে ৫৮ বৎসর বয়স পর্যন্ত দীর্ঘমেয়াদী চুক্তিতে নিয়োগের কথা বিবেচনা করা হবে।

প্রার্থীকে সাদা কাগজে সম্পূর্ণ নাম, ঠিকানা, জন্মতারিখ, প্রার্থীত পদ, শিক্ষাগত ও পেশাগত জ্ঞান, অভিজ্ঞতা, বর্তমান চাকুরীর বিবরণ ইত্যাদির সমর্থনে প্রমাণপত্র সহ (শুধুমাত্র প্রত্যায়িত নকল) পূর্বে আকাশবাণীতে কোন চাকুরীর জন্য আবেদন করা থাকলে, আকাশবাণী/দূরদর্শন কেন্দ্রে বা কেন্দ্রীয় তথ্য ও বেতার মন্ত্রণালয়ের অন্য কোন অফিসে কর্মরত কোন আত্মীয় থাকলে তাঁর বিবরণসহ স্টেশন ডিরেক্টর, অল ইণ্ডিয়া রেডিও, আগরতলা এই ঠিকানায় এমনভাবে আবেদনপত্র পাঠাতে হবে, যেন সেটি ৩১ মে, ১৯৭৭ তারিখের মধ্যে পৌঁছায়।

নির্দিষ্ট দিনের পরে প্রাপ্ত কোন আবেদনপত্র কোনক্রমেই বিবেচিত হবে না। সাক্ষাৎকার অথবা পরীক্ষার জন্য আমন্ত্রণের ক্ষেত্রে উচ্চতর যোগ্যতা এবং অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিকে অগ্রাধিকার দেওয়া হবে।

প্রচারের যে কোন প্রচেষ্টা প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

কলকাতা

ক

শিলিগুড়ি ও আগরতলা



ঋকরাণী দত্ত ঃ 'কিশলয়' ও 'গল্প-দাদুর আসর'-এর রবীন্দ্রসংগীতশিল্পী

*

প্রথম অধিবেশন

৫-৫৫ বন্দেমাতরম্
৬-০০ সুভাষিত
৬-০৫ সংগীতাঞ্জলি
৬-২০ বাংলা সংবাদ
৬-৩০ চাষীভাইদের বলছি
কথিকা
৬-৩৫ আবহবার্তা; উপেন্দ্রনাথ
রায় ঃ লোকগীতি
৬-৫০ দেশবন্দনা
৭-০০ সমীর সেনগুপ্ত
অতুলপ্রসাদের গান
৭-১০ আবহবার্তা ও অনুষ্ঠান
পরিচিতি (বাংলা ও
ইংরেজী)
৭-১৫ রমা চট্টোপাধ্যায়
শ্যামাসংগীত
৭-২৫ বাংলা সংবাদ
৭-৩৫ স্থানীয় সংবাদ (বাংলা)
৭-৪০ অমল নাগ
রবীন্দ্রসংগীত
৭-৫৫ অঞ্জলি বসু ঃ ভজন
৮-০০ বাংলা কথিকা
৮-১৫ জটিলেশ্বর মুখোপাধ্যায়
আধুনিক
৮-৩০ মজদুরমণ্ডলী
৮-৫০ ঝর্ণা রায় ঃ লোকগীতি
৯-০৫ বাংলা সংবাদ
৯-১০ সুমিত্রা বসু
রবীন্দ্রসংগীত
৯-২০ রমা চট্টোপাধ্যায়
নজরুলগীতি
৯-৩০ সমাপ্তি

দ্বিতীয় অধিবেশন

১২-৩০* গ্রামীণ সংবাদ
১২-৩৩ আবহবার্তা; উনো জমির
দুনো ফসল
১২-৫৫ অমিতকুমার দস্তিদার
গীটার
১-০০ পি. এন. বার্ভে ঃ খেয়াল
১-৩০ বাংলা সংবাদ
১-৪০ আঞ্চলিক সংগীত
১-৫০ মহিলামহল
২-২৬ আবহবার্তা
২-৩০ স্থানীয় সংবাদ (বাংলা)
২-৩৫ মধুসূদন মুখোপাধ্যায়
গীটার
